



বিজ্ঞাপনের শুটিংয়ের জন্য কলকাতা ঘুরে গেলেন অভিনেত্রী ভূমি পেডনেকর। আর সেই সঙ্গে সারলেন ভূরিভোজ। ইনস্টাগ্রামে সেই ছবিই শেয়ার করেছেন। ...বিস্তারিত পাতা ৩



পঞ্চায়েত নির্বাচনের মুখে মানিকচক ব্লকের গোপালপুর এলাকায় তৃণমূল কর্মীদের ওপর হামলার অভিযোগ উঠলো স্থানীয় কংগ্রেসের একাংশ কর্মীদের বিরুদ্ধে। ...বিস্তারিত পাতা ৫



জীবনের সকল পর্যায়ে ও সমস্ত ভূমিকায় ধর্ম আবশ্যক। গুরু পূর্ণিমা উপলক্ষ্যে ‘গুরু পূর্ণিমা মহোৎসব’-এ এই মন্তব্য করেছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। ...বিস্তারিত পাতা ৬



গয়েস্ট ইন্ডিজ সফরে এক বিশেষ রেকর্ডের সামনে দাঁড়িয়ে রয়েছেন ভারতের তারকা অলরাউন্ডার রবীন্দ্র জাডেজা। কী সেই রেকর্ড? ...বিস্তারিত পাতা ৮

সব বুথে ১৪৪ ধারা, স্পর্শকাতর হলেই অতিরিক্ত বাহিনী, জানাল নির্বাচন কমিশন

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ জুনঃ পঞ্চায়েত ভোটের রণকৌশল প্রায় প্রস্তুত। আর মাত্র ৫ দিন পরই একদফায় হবে ভোট গ্রহণ। ৮ জুলাই অর্থা আগামী শনিবারের সেই ভোটে নিরাপত্তায় কোনও ফাঁক রাখতে চাইছে না রাজ্য নির্বাচন কমিশন। কোথায় কোন বাহিনী মোতায়েন করা হবে, সেই হিসেব ইতিমধ্যেই কয়ে ফেলেছে কমিশন। সব ভোটগ্রহণ কেন্দ্রেই ১৪৪ ধারা জারি থাকবে বলে কমিশন সূত্রে জানা গিয়েছে। প্রায় ৭০ হাজার সশস্ত্র বাহিনী দিচ্ছে রাজ্য। কমিশনের তরফে জানানো হয়েছে, রাজ্যের ৭০ হাজার সশস্ত্র বাহিনী ও ৩৬৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী ব্যবহার করা হবে নাকা চেকিং, এগ্রিয়া ডমিনেশনে। ৮৫০০ মোবাইল ডান রাখা হবে বলেও জানা গিয়েছে। প্রত্যেক বুথেই থাকবে সশস্ত্র বাহিনী। তবে কোথায় কত বাহিনী মোতায়েন করা হবে, সেই তালিকা প্রকাশ হয়নি এখনও। ইতিমধ্যেই স্পর্শকাতর বুথ চিহ্নিত করেছে নির্বাচন কমিশন। ৪ হাজার ৮৬৪ বুথকে স্পর্শকাতর বলে উল্লেখ করা হয়েছে। সেগুলিতে মোতায়েন থাকবে অতিরিক্ত বাহিনী। বুথের জন্য রাধা হয়েছে মোট ৬৬ হাজার সশস্ত্র বাহিনী। ভোটকর্মীদের তথ্য যাতে গোপন থাকে, সেই দায়িত্ব দেওয়া হয়েছে এনআইসি-কে। কমিশন সূত্রে আরও জানা গিয়েছে, ৯৫ শতাংশ বুথে থাকবে সিসিটিভি। আর ৫ শতাংশ বুথে ভিডিও রেকর্ড করা হবে। উল্লেখ্য, নিরাপত্তা নিয়ে প্রথম থেকেই সর্বব ছিল বিরোধীরা। বিশেষত ভোটের আগে যেভাবে একের পর এক হিংসার ঘটনা ঘটেছে, তাতে উদ্বেগ প্রকাশ করেছিল আদালতও। আদালতের নির্দেশেই কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার সিদ্ধান্ত নেয় কমিশন। কেন্দ্রের কাছে মোট ৮২২ কোম্পানি বাহিনী চাওয়া হয়েছিল। ৪৮৫ কোম্পানির জন্য অনুমোদন পাওয়া বাকি ছিল। সেটাও মিলেছে ইতিমধ্যেই।

একাধিক দফায় পঞ্চায়েত ভোট চাই! আর্জি নিয়ে হাইকোর্টে অধীর

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ জুনঃ পঞ্চায়েতে একাধিক দফা ভোটের দাবিতে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ অধীররঞ্জন চৌধুরী। জনস্বার্থে মালা দায়ের করার অনুমতি দিয়েছে প্রধান বিচারপতি টিএস শিবগুপ্তান এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। মঙ্গলবার শুনানির সম্ভাবনা। অধীর রঞ্জন চৌধুরীর আইনজীবী মৃত্যুঞ্জয় চট্টোপাধ্যায়ের সওয়াল, ভোটকে কেন্দ্র করে ১৩ জনের মৃত্যু হয়েছে। প্রতি দিনই অশান্তির ঘটনা ঘটছে। গুলি চলছে। পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী নেই। ফলে তৃণমূল গুরে বাহিনী পৌঁছতে পারছে না। তাই অপর্যাপ্ত এই বাহিনী দিয়ে একাধিক দফাতে ভোটগ্রহণ হোক। ভোটে দফা বাড়ানোর আর্জি জানিয়ে আদালতে যাবেন তা আগেই সাংবাদিক বৈঠক করে জানিয়েছিলেন কংগ্রেস দলনেতা। অধীর চৌধুরী বার বারই বলেন, এক দফায় এই রাজ্যে কখনও অবাধ-শান্তিপূর্ণ নির্বাচন সম্ভব নয়। পাশাপাশি নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়েও প্রশ্ন তুলেছিলেন তিনি। অধীর বলেন, “একদফায় নির্বাচন অবাধ শান্তিপূর্ণ হতে পারে না। তাই দফা বাড়ানোর আবেদন জানিয়ে কংগ্রেস সোমবার আদালতে যাচ্ছি।” মনোনয়ন পর্ব থেকে শুরু হয়ে প্রচার পর্যন্ত নিত্যদিন অশান্তির খবর প্রকাশ্যে এসেছে। এরইমধ্যে, বোমা উদ্ধার যেমন হচ্ছে, সামনে আসছে মৃত্যুর খবরও। গতকাল দক্ষিণ ২৪ পরগনায় খুন হয়েছে। গুলিবর্ষিত হয়েছেন একজন। ভোটারদের প্রাণহানি আশঙ্ক্য রয়েছে। এই পরিস্থিতিতে একাধিক দফায় ভোটের আর্জি জানানো হয়েছে। অধীরের বক্তব্য, মুর্শিদাবাদ, দক্ষিণ ২৪ পরগনার মতো জেলা গুলিতে বিরোধী দলের কর্মীরা নিত্যদিন আহত হচ্ছেন। ফলে ভোটের দিন শান্তিপূর্ণ নির্বাচন আদৌ সম্ভব কি না প্রশ্ন তুলে প্রধান বিচারপতি টি এপি বিস্ময়জননের ডিভিশন বেঞ্চে দুটি আকর্ষণ করেছেন কংগ্রেস দলনেতা।



অপেক্ষার অবসান। তিলোত্তমায় পা রাখলেন এমি মার্টিনেজ। লিওনেল মেসি-দিয়েগো মারালোনার পর শহরে আরও এক অর্জেন্টাইন তারকা। বাংলাদেশ সফরে গিয়েছিলেন তিনি। সেখান থেকে বিকেলে পৌঁছেন কলকাতায়। ভিনুকে স্বাগত জানাতে উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী সুজিত বসু, মোহনবাগান সচিব দেবাশিস দত্ত এবং অনেকেই।

‘রক্তের হোলি খেলা বন্ধ হওয়া দরকার’ হিংসা নিয়ে ফের কড়া কথা রাজ্যপালত্র, তুলোধনা কমিশনকেও

দুরন্ত বার্তা, বাসন্তী, ৩ জুনঃ রাজ্যে হিংসা নিয়ে একের পর এক কড়া মন্তব্য করেছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। শুধু তাই নয়, রাজ্য নির্বাচন কমিশনারকে ডেকেও পাঠিয়েছেন রাজ্যপাল। সোমবার আবারও রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে কড়া বার্তা দিলেন তিনি। বলেন, “রক্তের হোলি খেলা বন্ধ হওয়া দরকার।” সোমবার সকালেই নতুন চমক। কোচবিহার পদাধিক একত্রসেই ফোনে নিহত যুবতৃণমূল কর্মীর পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেছিলেন রাজ্যপাল। আজ, সোমবার সকালে কলকাতা পৌঁছে সরাসরি চলে যান বাসন্তীতে। যে অঞ্চলে জিয়ারুল খুন হয়েছেন সেই এলাকায় পরিদর্শন করার পাশাপাশি এলাকার গ্রামবাসীর সঙ্গে কথা বলেন তিনি। গ্রামবাসীর সঙ্গে কথা বলার পরে নিহত তৃণমূল কর্মীর বাড়িতে না গেলেও পরে নিহত তৃণমূল কর্মীর পরিবারের সদস্যদের ক্যানিংয়ে ডেকে পাঠান রাজ্যপাল। তাদের সঙ্গে বিশদে কথা বলেন। পাশাপাশি, ৪০ হাজার টাকা আর্থিক সাহায্যও জিয়ারুলের পরিবারের হাতে তুলে দেন। তারপরেই প্রাক



পঞ্চায়েত হিংসা প্রসঙ্গে সর্বব হতে দেখা যায় তাকো। এদিন রাজ্যপাল কড়া ভাষায় বলেন, “রক্তের হোলি খেলা বন্ধ হওয়া দরকার। মানুষের রক্তে পদাধিক হোলি দুর্ভাগ্যজনক। এলাকায় গিয়ে আমি পরিস্থিতি দেখেছি। কে হিংসা ছড়াচ্ছে সেটা বড় কথা নয়, মানুষ ক্ষতিগ্রস্ত হচ্ছে এটাই বড় বিষয়। কারা অশান্তির পিছনে তার তথ্য আমার কাছে রয়েছে। হিংসার দুঃ খজনক অধ্যায় শেষ হওয়া উচিত।” আইনশৃঙ্খলা নিয়ে কড়া মন্তব্য করার বোমা সেখানেও হিংসা নিয়ে কড়া বার্তা দিয়েছিলেন। তিনি অবশ্য আগেই জানিয়েছেন, যেখানে যেখানে হিংসার ঘটনা ঘটবে, তিনি ছুটে যাবেন। সূত্রের খবর, তিনি মুর্শিদাবাদেও যেতে পারেন। সম্প্রতি, রাজ্যপাল রাজ্য নির্বাচন কমিশনারকে রাজভবনে ডেকে স্পষ্ট জানিয়ে দেন, তিনি যেন নিরপেক্ষভাবে ভোট পরিচালনা করেন। সূত্রের খবর, ফের রাজ্য নির্বাচন কমিশনারের সঙ্গে আলোচনায় বসতে পারেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। অন্যদিকে, শুধুমাত্র রাজভবনই নয়, ভ্রাম্যমাণ গাড়ি থেকে শুরু করে এক্সপ্রেস ট্রেনে রাজভবনের নালিশ রুম, যেখানে যে অভিযোগগুলি আসছে প্রয়োজনে অভিযোগকারীদের সঙ্গেও কথা বলতে দেখা যাচ্ছে রাজ্যপাল সিভি আনন্দ বোসকে।

অজিত ছাড়া সকল বিদ্রোহীকেই শাস্তি শরদের, বহিষ্কৃত ৯ বিধায়ক, ২ সাংসদ, ৩ নেতা

মুম্বই, ৩ জুলাইঃ একনাথ শিন্ডের নেতৃত্বাধীন মহারাষ্ট্র সরকারের মন্ত্রিসভায় মন্ত্রী হিসাবে শপথ নেওয়া দলীয় বিধায়কদের বহিষ্কার করল জাতীয়তাবাদী কংগ্রেস পার্টি। এদিন এনসিপির মহারাষ্ট্র শাখার প্রধান জয়ন্ত পাটিল জানিয়েছেন, ওই বিধায়কদের দলীয় প্রতীক ব্যবহার করতেও নিষেধ করা হয়েছে। এরপরও, তারা যদি দলের প্রতীক ব্যবহার করেন, তাহলে তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়া হবে। একই সঙ্গে অজিত পওয়ারের শপথ অনুষ্ঠানে যোগ দেওয়ার জন্য সরিয়ে দেওয়া হয়েছে দলের আরও তিন নেতাকে- মুম্বই বিভাগের প্রধান নরেন্দ্র রাঠোড়, আকোলা জেলা প্রধান বিজয় দেশমুখ এবং এনসিপি নেতা শিবাজিরাও গারজ। শরদ পওয়ার বলেছেন, “কারোর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার মতো মানসিকতা তাঁর নেই। এই বিষয়ে যাবতীয় পদক্ষেপ করছেন জয়ন্ত পাটিল।” বহিষ্কার করা হয়েছে দুই সাংসদ



প্রফুল্ল প্যাটেল এবং সুনীল তাতকরকেও। ‘গোপনে’ দলের মধ্যে বিদ্রোহের পরিকল্পনা’ করার অভিযোগে, তাদের অযোগ্য বলে ঘোষণার দাবি জানিয়েছিলেন শরদ পাওয়া তথা এনসিপির কার্যকরী সভাপতি সুপ্রিয়া সুরে। এরপরই, টুইট করে শরদ পওয়ার তাদের

দুজনকেও দল থেকে বহিষ্কার করার কথা জানান। একই সঙ্গে এনসিপির শৃঙ্খলারক্ষা কমিটি অজিত পওয়ারের সঙ্গে মন্ত্রী হিসেবে শপথ নেওয়া ৯ জন বিধায়ককে অযোগ্য ঘোষণা করার আহ্বান জানিয়েছে। শৃঙ্খলারক্ষা কমিটি বলেছে, ৯ বিধায়ককে অবিলম্বে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ জুনঃ পাটিনায় বিরোধীদের বৈঠকের পর বাংলায় বাম কংগ্রেসের ভূমিকা নিয়ে আগেই সর্বব হয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এ দিন ফের একবার পঞ্চায়েত নির্বাচনের প্রচারে বিজেপি-র সঙ্গে বাম-কংগ্রেসকে আক্রমণ করলেন মুখ্যমন্ত্রী। যদিও এ দিন কংগ্রেসের প্রতি কিছুটা নরম সুর শোনা গিয়েছে তৃণমূল নেত্রীর গলায়। তবে জাতীয় স্তরে সহযোগিতা চেয়ে এ রাজ্যে তৃণমূলের বিরোধিতা যে তিনি মেনে নেন না, তাও এ দিন ফের একবার বুঝিয়ে দিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। পঞ্চায়েত নির্বাচন উপলক্ষে এ দিন ভট্টিয়ালি বীরভূমের দুবরাজপুরে তৃণমূলের সভায় বক্তব্য রাখেন মমতা বন্দ্যোপাধ্যায়। প্রথম থেকেই যথারীতি বিজেপি এবং কেন্দ্রের

নরেন্দ্র মোদি সরকারকে আক্রমণ করেন তৃণমূলনেত্রী। একশো দিনের কাজ, বাংলার বাড়ির মতো প্রকল্পে কেন্দ্রীয় সরকার সরকার রাজ্যের বকেয়া আটকে রেখেছে বলেও অভিযোগ করেন মুখ্যমন্ত্রী। যদিও বক্তব্যের শেষ দিকে বাম-কংগ্রেসের ভূমিকা নিয়ে সর্বব হন মমতা বন্দ্যোপাধ্যায়। অভিযোগ করেন, “বিজেপি-র ফান্ডেই রাম-বাম-শ্যাম একজোট হয়েছে।” কিছুটা অনুযোগের সুরেই মুখ্যমন্ত্রী বলেন, “সিপিএম-কংগ্রেস দিল্লিতে আমাদের সাহায্য চাইছে। আমরাও সাধ্যমতো সাহায্য করছি। কংগ্রেসও যতটা পারছে করছে। কিন্তু দিল্লিতে আমাদের সাহায্য চাইবে আর এখানে আমাদের বিরুদ্ধে বিজেপি-র সঙ্গে হাত মেলাবে, তা তো হবে না। দিল্লিতে এক লাড্ডু আর এখানে আর এক লাড্ডু, কীভাবে

চলবে?” মমতা কর্মী সমর্থকদের উদ্দেশ্যে বলেন, “ভুল বুধবেন না, আমার ৮, ১০ দিন লাগবে। তারপর আমি বেরোতে পারবো।



তারপর আমার ছোটখাটো অপারেশন করতে হবে। আমার হাটতে জোর লেগেছে। আমি মানসিক ভাবে স্ট্রং আছি।” বিজেপিকে নিশানা করে এদিন

৮২২ কোম্পানিতেই বাংলায় এক দফায় পঞ্চায়েত নির্বাচন, স্পষ্ট হল হাইকোর্টে

দুরন্ত বার্তা, কলকাতা, ৩ জুনঃ বাহিনী নিয়ে ধোঁয়াশা কাটল। রাজ্যের চাহিনা মতো ৮২২ কোম্পানির মধ্যে বাকি ৪৮৫ কোম্পানিও মঞ্জুর করে দিল কেন্দ্র। অর্থাৎ কারণ রাজ্য প্রথমে পুলিশ দিয়েই নির্বাচন করতে চেয়েছিল। কিন্তু মনোনয়ন পর্ব থেকে যে অশান্তি শুরু হয়েছিল, তাতে বিরোধীরা কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট কানোর পক্ষে সওয়াল করেন। আদালতেরও পর্যবেক্ষণ ছিল, বাহিনী দিয়েই ভোট হোক। রাজ্য প্রথমে ২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চায়। কিন্তু এই বাহিনী দিয়ে এতগুলো বুথে কীভাবে ভোট সম্ভব, তা নিয়েই উঠতে থাকে প্রশ্ন। আদালতের পর্যবেক্ষণ ছিল, অন্তত

কেন্দ্রের তরফে জানানো হয়, বাকি ৪৮৫ কোম্পানি বাহিনীও মঞ্জুর করে দিয়েছে কেন্দ্র। অর্থাৎ বাহিনী নিয়ে যে ধন্দ তৈরি হয়েছিল, তার অবসান ঘটে আদালতে। কারণ রাজ্য প্রথমে পুলিশ দিয়েই নির্বাচন করতে চেয়েছিল। কিন্তু মনোনয়ন পর্ব থেকে যে অশান্তি শুরু হয়েছিল, তাতে বিরোধীরা কেন্দ্রীয় বাহিনী দিয়ে ভোট কানোর পক্ষে সওয়াল করেন। আদালতেরও পর্যবেক্ষণ ছিল, বাহিনী দিয়েই ভোট হোক। রাজ্য প্রথমে ২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চায়। কিন্তু এই বাহিনী দিয়ে এতগুলো বুথে কীভাবে ভোট সম্ভব, তা নিয়েই উঠতে থাকে প্রশ্ন। আদালতের পর্যবেক্ষণ ছিল, অন্তত



স্বরাষ্ট্রমন্ত্রক- কমিশনেপ মধ্যে চলে চিঠি আদানবদান। স্বরাষ্ট্রমন্ত্রকের তরফে দু’বার বৈঠকেও বসা হয় কমিশনের সঙ্গে। তার সেই জটিলতা কাটিয়ে রাজ্যে আসে ২২৪ কোম্পানি বাহিনী। কিন্তু তাতেও কীভাবে এক দফাতে বাহিনী দিয়ে নির্বাচন সম্ভব, প্রশ্ন থেকে যায়। বিরোধীরা পঞ্চায়েতের দফা বাড়ানোর পক্ষে সওয়াল করেন। এরপর আদালতে সোমবার কেন্দ্রের তরফে জানিয়ে দেওয়া হয়, ৪৮৫ কোম্পানি বাহিনীও পাঠাতে রাজি কেন্দ্র। তবে বিশেষজ্ঞদের প্রশ্ন, এই ৪৮৫ কোম্পানি কবে এসে পৌঁছবে? সেই বাহিনী এসে পৌঁছানোর পর শারীরিক ধকল কাটিয়ে, রাজ্য পুলিশের সঙ্গে সমন্বয় রেখে এলাকা চেনা, এলাকার সঙ্গে পরিচিত হওয়ার সময় কি আদৌ পাবে? কারণ ভোটের মাত্র আর চার দিন। সেখান থেকেই প্রশ্ন এই বাহিনী ভোটারদের নিরাপত্তা রক্ষা করতে এবং অবাধ শান্তিপূর্ণ নির্বাচন করার ক্ষেত্রে কতটা সহায়ক হবে?

বাম-কংগ্রেসকে ফের বার্তা মমতার

‘দিল্লিতে এক লাড্ডু, বাংলায় আর এক লাড্ডু হয় না!’

মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, “বিজেপি কাম্পীরকে শেষ করেছে। এখন বাংলায় চোখ। আদিবাসী দের লাগিয়ে দেওয়া হয়েছে। কামতাপুরির এক নেতা বিজেপি এর এখানে সেখানে ঘুরে বেড়াচ্ছে। আমরা আদিবাসীদের জন্য আইন করেছি। সেখানে রয়েছে, আদিবাসীদের সম্পদ কেড়ে নেওয়া যাবে না। ৬০ বছরের পরে পেনশন দেওয়া হচ্ছে। মণিপুরের পরিস্থিতি দেখুন। এগুলো বিজেপি করছে।” মমতা এদিন আরও বলেন, “সংখ্যালঘুদের ভুল বার্তা দেওয়া হচ্ছে যে সিপিআইএম কত মানুষ কে মেরেছে। তাদের হাত থেকে মানুষ মুক্তি পেয়েছে। জঙ্গলমহলে বিজেপি টাকা দিচ্ছে, কার কত কেলেঙ্কারি আছে, সেই তথ্য আমাদের কাছে আছে। কেউ যদি কোনও অন্যায় করে কোট তাক্কে

শাস্তি দিক। অথচ কোট কিছু প্রমাণ করতে পারছে না।” তিনি বলেন, “সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। আমাদের সহকর্মীদের বলবো কোনোরকম বিভেদ নয়। সবাইকে একসঙ্গে কাজ করতে হবে। কোনও বিভেদ দেখলে আমি কিন্তু অ্যাকশন নেব। আমি বাড়ি থেকেই কাজ করছি। আমার ৭-৮ দিন সময় লাগবে বাইরে বেরোতে।” মুখ্যমন্ত্রীর কথায়, “রামপুরহাটে একটা ঘটনা ঘটেছিল। আমি ঘটনার খবর পাওয়ার সঙ্গে সঙ্গে সেখানে গিয়ে ব্যবস্থা নিয়েছি। কৃষকদের বলব ধান বাইরে বিক্রি করে সরকারের কাছে বিক্রি করুন। না হলে দালালরা দুকে যাবে। আমরা ৫০ লাখ মেট্রিক ট্রন চাল আমরা কিনি। এতে কৃষকদের হাতে টাকা যাবে। আমরা কৃষক বন্ধু প্রকল্পের টাকা দিই।”

লক্ষ্মীর ভাণ্ডার নিয়ে চলছে প্রতিযোগিতা অভিষেক



দুরন্ত বার্তা, ধুপগুড়ি, ৩ জুনঃ ‘মোদিজি ক্ষমতায় এলে লক্ষ্মীর ভাণ্ডারে ২০০০ টাকা দেওয়া হবে।’ সোমবার ধুপগুড়িতে নির্বাচনী প্রচারে গিয়ে খানিক এনএই আশ্বাস দিয়ে এসেছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। অন্যদিকে, বিজেপির প্রাচীর সভাপতি সূর্য্য মজুমদারের গলাতেও ক’দিন আগে শোনা গিয়েছিল প্রায় একই সূত্র। তবে কি এবার

পঞ্চায়েতে বড় ফ্যাক্টর ‘লক্ষ্মীর ভাণ্ডার!’ এদিন এই লক্ষ্মীর ভাণ্ডার নিয়েই শুভেন্দু-সূর্য্যর নাম না করে উঁর কটাক্ষ করেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। সোমবার পঞ্চায়েতের প্রচারে পুরুলিয়ায় সভা করেন অভিষেক। সভামঞ্চে দাঁড়িয়ে বলেন, “লক্ষ্মীর ভাণ্ডার নিয়ে বিজেপি রাজ্য সভাপতি আর বিরোধী দলনেতার প্রতিযোগিতা চলছে। এতদিন বলত লক্ষ্মীর ভাণ্ডার খারাপ। আর এখন বিজেপি লক্ষ্মীর ভাণ্ডারে ২০০০ টাকা দেবে বলেছে।” এরপরেই তাঁর মন্তব্য, “বিজেপির যে সমস্ত রাজ্যে ক্ষমতায় রয়েছে, সেখানকার মুখ্যমন্ত্রী যদি রাজ্যের মহিলাদের ১০০০ টাকা করে লক্ষ্মীর ভাণ্ডার প্রকল্পে টাকা দিতে পারেন, আমি রাজনীতির আঙ্গিনায় পা রাখব না।” অভিষেকের চ্যালেঞ্জ, “১২টা রাজ্যে বিজেপি ক্ষমতায় রয়েছে। একটা রাজ্যে করে দেখাতে পারলে আমি রাজনীতিতে পা রাখব না।” সোমবার বিজেপি প্রার্থীদের হয়ে প্রচারে উত্তরবঙ্গের ধুপগুড়িতে সভা করেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। তৃণমূল সরকারকে নিশানা করার পাশাপাশি লক্ষ্মীর ভাণ্ডার নিয়েও বড়সড় আশ্বাস দেন শুভেন্দু। বিরোধী দলনেতার আশ্বাস, “মোদিজি এলে লক্ষ্মীর ভাণ্ডারে ২০০০ টাকা দেওয়া হবে। কাবিনেটের প্রথম মিটিং-এ পাস হবে প্রস্তাব।”

‘বাদ’ সায়নী ঘোষ! ৫-এ ডাক ইডির, বড় সিদ্ধান্ত তৃণমূলের!



দুরন্ত বার্তা, কলকাতা, ৩ জুনঃ এক সপ্তাহও কাটেনি। গত শুক্রবার সকাল থেকে রাত, টানা ১১ ঘণ্টা ধরে জিঙ্গাসাবাদের পর রাতে ১০টা ৪৫ নাগাদ সল্টলেকের সিজিও কনক্লেকের ইডি দফতর থেকে বেরিয়েছিলেন যুব তৃণমূল সভানেত্রী সায়নী ঘোষ। জিঙ্গাসাবাদের ধকল বন্ধেও আত্মবিশ্বাসের সুরে বলেছিলেন, “আমার কাছে কিছু নথি চাওয়া হয়েছিল। আমি দিয়েছি। ১০০ শতাংশ সহযোগিতা করেছি তাদের।” তবু, তাকে ফের ৫ জুলাই ফের ইডি জরুর জন্য তলব করেছে। আর শুক্রবার জিঙ্গাসাবাদের পর থেকেই পঞ্চায়েতের প্রচারে নেই সায়নী। যা নিয়ে শুরু হয়েছে তীব্র গুঞ্জন। শুক্রবার ইডির জিঙ্গাসাবাদের পর শনিবার ও রবিবারও তৃণমূলের ভোট প্রচারে ছিলেন না সায়নী। ছিলেন না ইডির জিঙ্গাসাবাদের পরও সায়নী জানিয়েছিলেন, তিনি যুব সভানেত্রী। প্রচারে তাই যাবেনই। কিন্তু পঞ্চায়েতের প্রচার যেহেতু কলকাতায় নয়, জেলায়, তাই কিছু বিষয় দেখে নিতে হচ্ছে। খুব শীঘ্রই তিনি পঞ্চায়েতের প্রচারে অংশ নেবেন বলেও জানিয়েছিলেন। কিন্তু সেই সম্ভাবনা আর থাকছে না বলেই মনে করা হচ্ছে। শিক্ষক নিয়োগ দ্রুতিত আমলায় কুন্তল ঘোষের সঙ্গে যোগ সূত্রে তাকে তলব করেছিল ইডি। মাঝে দুদিন তাঁর যোঁজ না মিললেও শুক্রবার সময়মতো ইডি দফতরে হাজিরা দিয়ে সায়নী জানিয়েছিলেন, ১০০ শতাংশ সহযোগিতা করবেন। তবে, শুক্রবার ১১ ঘণ্টা জিঙ্গাসাবাদের পর ফের ৫ জুলাই তাঁকে সশরীরে হাজিরা দিতে বলেছে ইডি। ইডি সূত্রের খবর, সায়নী অনেক প্রশ্নের উত্তর টিক মতো দিতে পারেননি। অনেক নথিও পেশ করতে পারেননি। সেসব নিয়ে তাঁকে ফের ডাকা হয়েছে। মূলত ইডি আধিকারিকরা তাঁকে কুন্তল ঘোষের সঙ্গে আর্থিক লেনদেন নিয়েই প্রশ্ন করেছেন বলেই খবর। কুন্তলের দেওয়া গাড়ি চড়া কিংবা তাঁর টাকায় সায়নী ফ্ল্যাট কেনা নিয়ে যেসব তথ্য ছিল ইডির কাছে, সেই সঙ্গতিপ্রাপ্ত প্রশ্নের জবাব চান ৩ জনের তদন্তকারী দল। ভবিষ্যতেও সেই প্রশ্নের উত্তর তাঁর কাছে জানতে চাইবেন তদন্তকারীরা। তবে, এরই মাঝে পঞ্চায়েতের প্রচারে সায়নীর অনুপস্থিতি নিয়ে তুমুল শোরগোল শুরু হয়েছে শাসক দলের অন্দরেই।

অনুরাগ বসুর হাত ধরে জুটিতে শাশ্বত ও দর্শনা, উচ্ছ্বসিত বাঙালি দর্শক



মুম্বই, ৩ জুলাইঃপরিচালক অনুরাগ বসুর হাত ধরে জুটি বাঁধতে চলেছেন শাশ্বত চট্টোপাধ্যায় ও দর্শনা বনিক । কলকাতায় শুরু হতে চলেছে ছবির শ্যুটিং। আগামী বছর, ২৯ মার্চ মুক্তি পাবে অনুরাগ বসুর নতুন ছবি ‘‘মেট্রো... ইন দিনো’’।আদিত্য কাপুর, সারা আলি খান, নীনা গুপ্তা, পঙ্কজ ত্রিপাঠী, অনুপম খের ,আলি ফজল, কঙ্গনা সেন শর্মা, ফতিমা সানা শেখ সহ আরও অভিনেতা অভিনেত্রীরা রয়েছেন ছবিতে। সোশ্যাল মিডিয়ায় ছবি মুক্তির নতুন দিনের কথা ঘোষণা করেছেন পরিচালক থেকে শুরু করে কলাকৃশলীরা। বলিউড ছবিতে বাংলায় দুই তারকা শাশ্বত চট্টোপাধ্যায় ও দর্শনা বনিককে পেয়ে বেশ উচ্ছ্বসিত বাঙালি দর্শক ।

চলচ্চিত্র জগতে শোকের আবহ, প্রয়াত ‘গোল মাল’ খ্যাত অভিনেতা হরীশ মেগন



মুম্বই, ৩ জুলাইঃপ্রয়াত হয়েছেন বয়ীযান অভিনেতা হরীশ মেগনা। ‘ মাল’, ‘ হালাল’, ‘দুপকে’-র মতো ছবিতে অভিনয় করে জনপ্রিয় হয়েছিলেন হরীশ। প্রয়াণ-কালে তাঁর বয়স হয়েছিল ৭৬ বছর। হরীশের মৃত্যু-সংবাদে খবর রবিবার রাতেই জানা গিয়েছিল। তবে, বয়ীযান অভিনেতার মৃত্যুর কারণ এখনও জানা যায়নি।হিদিপ ছবির জগতে প্রায় তিন দশকের অভিনয় জীবন হরীশের। অপেক্ষাকৃত ছোট পরিসরের চরিত্রেই অভিনয় করতেন তিনি। গুলজারের সঙ্গে সুসম্পর্কের কারণে ‘ ছবিতেও সুযোগ পান। তবে হুধীশেশ মুখোপাধ্যায় পরিচালিত ‘ মাল’ ছবিতে তাঁর অভিনয় দর্শক এখনও মনে রেখেছেন। অমিতাভ বচ্চন অভিনীত একাধিক ছবিতে ছিলেন হরীশ। এর মধ্যে উল্লেখযোগ্য ছবি ‘ নমক হালাল’, ‘শাহেনশা ‘আজুব ‘ সতে পে সন্তা’।

মহারাষ্ট্র ও দেশের মধ্যে কিছু গোষ্ঠী জাত-ধর্মের নামে সমাজের মধ্যে ফাটল সৃষ্টি করছেঃ শরদ পওয়ার



সাতারা, ৩ জুলাইঃ মহারাষ্ট্রে রাজনৈতিক টালমাটাল পরিস্থিতির মধ্যেই দলীয় কর্মীদের উদ্দেশ্যে বক্তব্য রাখলেন এনসিপি প্রধান শরদ পওয়ার। সোমবার মহারাষ্ট্রের সাতারা জেলার কারাদে দলীয় কর্মীদের উদ্দেশ্যে বক্তব্য রেখে শরদ পওয়ার বলেছেন, মহারাষ্ট্র ও দেশের মধ্যে কিছু গোষ্ঠী জাত ও ধর্মের নামে সমাজের মধ্যে ফাটল সৃষ্টি করছে।এনসিপি প্রধান শরদ পওয়ার আরও বলেছেন, আমরা উদ্ধব ঠাকরের অধীনে মহারাষ্ট্রের সেবা করছিলাম। কিন্তু কিছু মানুষের জন্য আমাদের সরকারের পতন হয়েছে। দেশের অন্যান্য অংশেও একই ঘটনা ঘটেছে। সোমবার সকালে পূনের বাড়ি থেকে বেরিয়ে সাতারায় আসেন শরদ পওয়ার। পুণে-সাতারা হাইওয়ে হয়ে তিনি সাতারা পৌঁছেন। কারাদে পৌঁছে যশবন্তরাও চাচানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেন এনসিপি প্রধান। তারপর দলীয় কর্মীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রীর বাসভবনের ওপরে চক্রর কাটল ‘রহস্যময়’ ড্রোন! তল্লাশিতেও সন্ধান মিলল না কিছুর

নয়াদিল্লি, ৩ জুলাইঃ দিল্লিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বাসভবনের ওপরে রহস্যজনক ড্রোন ওড়ার খবর পেল দিল্লি পুলিশ। এই ঘটনায় প্রধানমন্ত্রীর নিরাপত্তা ব্যবস্থা আরও আঁটসাঁটো করা হয়েছে। ঘটনার তদন্ত শুরু করেছে দিল্লি পুলিশের আধিকারিকেরা। দিল্লি পুলিশ জানিয়েছে, প্রধানমন্ত্রীর বাসভবনের ওপরের নো-ফ্লাইং জোন ড্রোন ওড়ানোর তথ্য মিলেছে ভোর ৫.৩০ মিনিট নাগাদ এসপিজি পুলিশের

সঙ্গে যোগাযোগ করে। এই ঘটনার তদন্ত চলছে।পুলিশ সূত্রে খবর, সোমবার ভোর ৫.৩০ মিনিট নাগাদ স্পেশাল প্রোটেকশন গ্রুপ (এসপিজি)-এর সদস্যেরা দিল্লি পুলিশকে এই বিষয়ে অবহিত করেন। প্রধানমন্ত্রীর নিরাপত্তায় নিযুক্ত থাকেন এসপিজি-র আধি কারিকেরাই। তাঁরাই প্রথম ড্রোনটি লক্ষ্য করেন। খবর পেয়েই দ্রুত পদক্ষেপ করে দিল্লি পুলিশ। তারা এই বিষয়ে তদন্ত শুরু করেছে। দিল্লি

পুলিশ আরও জানিয়েছে, প্রধানমন্ত্রীর বাসভবনের আশেপাশের এলাকায় পৃষ্ঠানুপৃষ্ঠ তল্লাশি চালানো হলেও ড্রোনের মতো কোনও বস্তুর সন্ধান পাওয়া যায়নি। এয়ার ট্রাফিক কন্ট্রোল রুমের (এটিসি) সঙ্গেও যোগাযোগ করা হয়েছিল, তাঁরাও প্রধানমন্ত্রীর বাসভবনের কাছে এমন কোনও উদ্ভূত বস্তু সনাক্ত করতে পারেনি।দিল্লি পুলিশ সূত্রে জানা গিয়েছে, প্রধানমন্ত্রীর বাসভবন’ ফ্লাই

জোন’-এর মধ্যে পড়ে। অর্থা, নিরাপত্তার কারণে ওই বাসভবনের উপর দিয়ে কোনও বিমান কিংবা ড্রোন উড়ে যেতে পারে না। তার পরও কী ভাবে ড্রোনটি উড়ল, তা নিয়ে সংশয় থাকছে। ঘটনার তদন্তে নেমে দিল্লি পুলিশ ওই রহস্যময় ড্রোন সম্পর্কে খোঁজখবর শুরু করে। যোগাযোগ করা হয় এয়ার ট্র্যাফিক কন্ট্রোল (এটিসি)-র সঙ্গেও। কিন্তু এমন কোনও ড্রোনের সন্ধান পাওয়া যায়নি।

বললেন ২০২৪ পর্যন্ত শিভেই থাকবেন মুখ্যমন্ত্রী মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, আমাদের সরকার শক্তিশালী থাকবে এবং ২০২৪ সাল পর্যন্ত মুখ্যমন্ত্রী থাক বেন এক নাথ শিভে। নারায়ণ রানে আরও বলেছেন, নির্দান এগিয়ে আসায় অনেক এমভিএ (মহারাষ্ট্র, আঘাড়ি) নেতা আমাদের সঙ্গে যোগ দেবেন। এর আগেও, পওয়ার সাহেব বলেছিলেন যে তাঁর দল শক্তিশালী কিন্তু এখন ৪০ জন তাঁকে ছেড়ে চলে গিয়েছে। বর্তমান সময়ে আবার দল গড়ে তোলা সহজ নয়।

প্রযুক্তি, গবেষণা ও উন্নয়নকে পাথেয় না করলে কোনও দেশ উন্নতি করতে পারে নাঃএস জয়শঙ্কর

নয়াদিল্লি, ৩ জুলাইঃ প্রযুক্তি, গবেষণা ও উন্নয়নকে পাথেয় না করলে কোনও দেশই উন্নতি করতে পারে না। বললেন বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। সোমবার নরেন্দ্র মোদী সরকারের ৯ বছর পূর্তি উপলক্ষে বিজেপির মেগা কর্মসূচির অংশ হিসেবে এনআইটি দিল্লির পড়ুয়াদের সঙ্গে আলাপচারিতা করে জয়শঙ্কর তাঁদের স্থানীয় ও বৈশ্বিক উন্নয়ন বোঝার পরামর্শ দেন।বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বলেছেন, বিশ্বায়ন ভিতরে এবং বাইরের



মধ্যে সীমানা ভেঙে দিয়েছে এবং আপনাদের চারপাশে কী ঘটছে তা আপনাদের বোঝা উচিত।

দেখেন, আপনারা দেখেছেন অনেক প্রধানমন্ত্রী আমেরিকা সফরে গিয়েছেন। কিন্তু, প্রধানমন্ত্রী মোদীর এই সফরটি ছিল ভিন্ন। কারণ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর একটা আলাদা ভাবমূর্তি রয়েছে। তিনি একজন সিনিয়র, অভিজ্ঞ এবং বিশ্বাসযোগ্য নেতা। প্রধানমন্ত্রী মোদী যখন কিছু চেষ্টা করেন অথবা অবস্থান নেন, তখন তার প্রভাব বিশ্ব রাজনীতিতে দেখা যায়। গত ৯ বছরে, আমরা ভারতের উদ্যোগে বিশ্বের বড় পরিবর্তন দেখেছি।

মহারাষ্ট্রে প্রবল বৃষ্টিতে ভাঙল অভিনেত্রীর ছেলের বাগানবাড়ি

মুম্বই,৩জুলাইঃপ্রবল বৃষ্টিতে ভেঙে পড়েছে টেলিপর্দা ও বড়পর্দার জনপ্রিয় অভিনেতা তথা অভিনেত্রী নূতনের ছেলে মোহনশি বহেলের পারসিক হিল এলাকার বাগানবাড়ির একটি দেওয়াল। পাশাপাশি ফার্ন হাউসের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে।প্রবল বৃষ্টির জেরে অভিনেতার সেই বাগানবাড়ির দেওয়াল ভেঙে পড়া ও ক্ষতিগ্রস্ত

হওয়ার জেরে সোমবার অভিনেতা মোহনশি এবিষয়ে সংবাদমাধ্যমের জানান, ‘‘হ্যা, দুর্ভাগ্যজনকভাবে বাগানবাড়িটি ক্ষতিগ্রস্ত হয়েছে। একটি বারাদা আর বাংলোর একটি অংশ ভেঙে গিয়েছে। তবে ভাগা ভালো যে কেউ আহত হননি। কারণ, ওখানে কেউ ছিলেন না। তবে ক্ষতির পরিমাণ ঠিক কতটা তা আমি বলতে পারব না, কারণ

এখনও ওখানে যেতে পারিনি।‘ মোহনশি আরও জানান, ‘ ইতিমধ্যেই ওই এলাকা ঘুরে দেখেছেন, পৌরসভার সঙ্গে আলোচনা করে পরবর্তী কী পদক্ষেপ করা যায় সেটা দেখছি। আশা করছি সোমবার থেকেই মেরামতির কাজ শুরু করতে পারব।’’প্রসঙ্গত, কিছুদিন আগেই মহারাষ্ট্রের বর্ষায় ভেঙে পড়েছিল মোহনশির মা

প্রয়াত অভিনেত্রী নূতনের বাংলোর একটি অংশ। নূতনের ওই বাংলোটিও মুম্বারার পাহাড়ি এলাকাতেই রয়েছে। আর এবার মুম্বরায় তাঁদের বাগানবাড়ির একটি অংশ ভেঙে পড়েছে। তবে এর আগে ২০১৩ সালে ওই এলাকায় তাঁদের ৬০ একর সম্পত্তি বিক্রি করে দিয়েছিলেন মোহনশি। ছিল শুধু বাংলা আর বাগানবাড়িটি।

বিরোধীদের দ্বিতীয় বৈঠকের দিনক্ষণ ঘোষিত ১৭ ও ১৮ জুলাই বেঙ্গালুরুতে হবে মিটিং

নয়াদিল্লি, ৩ জুলাইঃ বিরোধীদের দ্বিতীয় বৈঠকের দিনক্ষণ ঘোষণা করলেন কংগ্রেসের সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল। সোমবার টুইট করে বেণুগোপাল জানিয়েছে, আগামী ১৭ ও ১৮ জুলাই বেঙ্গালুরুতে বৈঠকে বসবেন বিরোধীরা। তিনি আরও

জানিয়েছেন, আমরা ফ্যাসিবাদি ও অসংগতাস্থিতিক শক্তিকে পরাজিত করার জন্য নিজেদের দৃঢ় সংকল্পে অটল আছি এবং দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার সাহসী দৃষ্টিভঙ্গি উপস্থাপন করছি।মহারাষ্ট্রে, রাজনৈতিক টালমাটাল পরিস্থিতির কারণে

পিছিয়ে যায় বেঙ্গালুরু’র বিরোধী বৈঠক। আগামী ১৪ জুলাই বেঙ্গালুরুতে বিজেপি-বিরোধী দলগুলির দ্বিতীয় বৈঠকের কথা ঘোষণা করেছিলেন স্বয়ং শরদ পওয়ার। কিন্তু রবিবার তাঁর শিবিরই বড় সড় ধাক্কা খায়। ১৪

জুলাইয়ের পূর্ববর্তে এবার ঠিক হয়েছে ১৭ ও ১৮ জুলাই বেঙ্গালুরুতে বৈঠকে বসবেন বিরোধীরা। বেণুগোপাল জানিয়েছেন, পাটনায় ব্যাপকভাবে সফল স্ট্রেকের পর, আমরা ১৭ এবং ১৮ জুলাই বেঙ্গালুরুতে পরবর্তী বৈঠক করব।

ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিম্নমুখীই সক্রিয় রোগী কমে ১,৪৭৫, সুস্থতাও উর্ধ্বমুখী শিভেকে সরানো হচ্ছে

মুম্বই, ৩ জুলাইঃ মহারাষ্ট্রে রাজনৈতিক টালমাটালির মধ্যেই চাঞ্চল্যকর দাবি করলেন উদ্ধব ঠাকরে ঘনিষ্ঠ নেতা সঞ্জয় রাউত। সোমবার সকালে তিনি দাবি করেছেন, আমি ক্যামেরার সামনে বলছি, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী বদলাতে চলেছে। প্রসঙ্গত, রবিবাসরীয় দুপুরে

আচমকাই কয়েকজন এনসিপি বিধায়ককে সঙ্গে নিয়ে রাজভবনে গিয়ে একনাথ শিভে-বিজেপি সরকারের সঙ্গে হাত মেলান এনসিপি প্ধান শরদ পওয়ারের ভাইপো অজিত পওয়ার। আবার হলেন উপমুখ্যমন্ত্রী। যার জেরে

এনসিপির ঘর ভেঙে গেল। মোট ৯ জন এনসিপি নেতা মহারাষ্ট্রের মন্ত্রী হিসাবে শপথ নিয়েছেন।এই পরিস্থিতির মধ্যেই সোমবার সকালে উদ্ধব ঠাকরে ঘনিষ্ঠ নেতা ও সাংসদ সঞ্জয় রাউত বলেছেন, আমি ক্যামেরার সামনে

বলছি, মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী বদলাতে চলেছে। একনাথ শিভেকে মুখ্যমন্ত্রী পদ থেকে সরানো হচ্ছে। একনাথ শিভে এবং ১৬ জন বিধায়ককে বরখাস্ত করা হচ্ছে। এ বিষয়ে অবশ্য একনাথ শিভে শিবিরের পক্ষ থেকে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

ভোটের মেয়াদ বাড়াতে হাই কোর্টের দৃষ্টি আকর্ষণ সংগ্রামী যৌথ মঞ্চের

কলকাতা, ৩ জুলাইঃ পঞ্চায়েত ভোটের মেয়াদ বাড়াতে সোমবার প্রদেশ কংগ্রেস সভাপতি অরীন্দু খেরীর পাশাপাশি প্রধান বিচারপতির দৃষ্টি আকর্ষণ করল সংগ্রামী যৌথ মঞ্চ।প্রধান বিচারপতি এ এস শিবজ্ঞানম এবং বিচারপতি হিরণ্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চে মামলাটি গ্রহণ করেছে। মঙ্গলবারই এই মামলার শুনানি হতে পারে। যদিও মঙ্গলবার এই মামলায় দফা

বৃদ্ধির আর্জি গৃহীত হলে চার দিনের মধ্যে পঞ্চায়েত ভোটের দফা বৃদ্ধি কী ভাবে হবে, সে ক্ষেত্রে পঞ্চায়েত ভোটে পিছিয়ে যাবে কি না, তা নিয়ে জল্পনা শুরু হয়েছে।পঞ্চায়েত ভোট মোট ৮২২ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী চেয়ে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের কাছে আবেদন করেছিল রাজ্য নির্বাচন কমিশন। তবে কেন্দ্রের তরফে শুধু মাত্র ৬৩৭ কোম্পানি বাহিনী পাঠানো হয়। বাকি ৪৮৫

কোম্পানি বাহিনী নিয়ে নতুন কোনও সিদ্ধান্তের কথা জানাননি কেদ্রা যে ৬৩৭ কোম্পানি বাহিনী পাঠানো হয়েছিল তা-ই চূড়ান্ত ধরে নিয়ে পরবর্তী পদক্ষেপ করতে শুরু করেছে কমিশন।এ ব্যাপারে আগেই আপত্তি জানিয়ে দফা বৃদ্ধির কথা বলেছিলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এ বার অন্য বিরোধীরাও একই

দাবি তুললেন। তা নিয়ে ইতিমধ্যেই আপত্তি জানিয়েছে। দল প্রমু. উঠতে শুরু করেছে, পঞ্চায়েত ভোটে দফা বাড়বে কি? আদালতে অবশ্য কেন্দ্রের অতিরিক্ত সালিসিটর জেনারেল আগেই জানিয়েছিলেন, ২০১৬ সালে যে প্রক্রিয়ায় ভোট গ্রহণ হয়েছিল, পশ্চিমবঙ্গে এ বারও সেই প্রক্রিয়ায় ভোট হলেই ভাল হয়।

মহারাষ্ট্রে পট পরিবর্তন নিয়ে নানা মূনীর নানা মত, শাহনওয়াজ বললেন গোটা দেশ মোদীজির পাশে রয়েছে

নয়াদিল্লি ও মুম্বই, ৩ জুলাইঃ মহারাষ্ট্রের রাজনীতিতে আচমকা পট পরিবর্তন নিয়ে নানা মূনী নানা মত পোষণ করছেন। মহারাষ্ট্রের রাজনীতি প্রসঙ্গে সোমবার বিজেপি নেতা শাহনওয়াজ হুসেন বলেছেন, গোটা দেশ মোদীজির পাশে রয়েছে। মোদীজির বিরোধীদের বৈঠককে কটাক্ষ করে তিনি বলেছেন, পাটনায় যারা একত্রিত হয়েছিলেন

তাঁদের অবস্থা দেখতে পাচ্ছেন। গোটা দেশ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পাশে আছে, এটা তো সবে শুরু। পাটনায় বিরোধীদের সমাবেশের প্রভাব মহারাষ্ট্রে দেখতে পাওয়া যাচ্ছে। বিহারে নির্বাচনের জন্য প্রস্তুতি নিচ্ছে, নির্বাচনে আবারও ভালো ফল করবে বিজেপি।আবার ছত্তিশগারে উপ-মুখ্যমন্ত্রী টি এস সিং দেও বলেছেন, এটা তাঁদের দলের

অভ্যন্তরীণ বিষয়...তাঁরা পক্ষ না বদলালে ভালো হতো। মহারাষ্ট্র ইস্যুতে এনসিপি-র যুব শাখার নেত্রী সোনিয়া দুহান বলেছেন, এটা তাঁদের ব্যক্তিগত সিদ্ধান্ত এবং দলের সঙ্গে এর কোনও সম্পর্ক নেই। আমরা শুধু বলতে চাই যে গোটা দল পওয়ার সাহেবের পাশে রয়েছে। পওয়ার সাহেব ছাড়া এনসিপি নেই। মহারাষ্ট্র

দৃঢ়ভাবে পওয়ার সাহেবের পাশে দাঁড়িয়ে আছে...।উল্লেখ্য, রবিবাসরীয় দুপুরে আচমকাই কয়েকজন এনসিপি বিধায়ককে সঙ্গে নিয়ে রাজভবনে গিয়ে এক নাথ শিভে-বিজেপি সরকারের সঙ্গে হাত মেললেন পওয়ারের ভাইপো। আবার হলেন উপমুখ্যমন্ত্রী। যার জেরে এনসিপির ঘর ভেঙে গেল।

গুরু পূর্ণিমার শুভেচ্ছা প্রধানমন্ত্রীর, পবিত্র এই শুভক্ষণে মন্দিরে পূজার্চনা ভক্তদের



নয়াদিল্লি, ৩ জুলাইঃগুরু পূর্ণিমা উপলক্ষ্যে সমস্ত দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। গুরু পূর্ণিমার শুভেচ্ছা বার্তায় প্রধানমন্ত্রী সোমবার টুইট করে জানিয়েছেন, সমস্ত দেশবাসীকে গুরু পূর্ণিমার অসীম শুভেচ্ছা। সোমবার গোটা দেশজুড়ে পালিত হয়েছে গুরু পূর্ণিমা উৎসব। মর্হাষ বৈদ্যসের জন্মবার্ষিকী উপলক্ষে এই দিনটিতে গুরু পূর্ণিমা উৎসব পালিত হয়ে আসছে। তাই এটি ব্যাস পূর্ণিমা নামেও পরিচিত।হিন্দু পঞ্চাঙ্গ মতেগুরু পূর্ণিমার পূজার শুভ সময় ২ জুলাই রাত ৮.২১ মিনিট থেকে শুরু হয়ে ৩ জুলাই বিকাল ৫.০৮ মিনিট পর্যন্ত চলবে। এই সময়েই দেশের বিভিন্ন প্রান্তে মন্দিরে ও প্রতিষ্ঠানে ভক্ত ও অনুরাগীরা পালন করবেন গুরু পূর্ণিমা। এদিন সকালে দিল্লির গৌরী শঙ্কর মন্দিরে গুরু পূর্ণিমা উপলক্ষে ভক্তদের দেখা গেল প্রার্থনা করতো দেশের অন্যান্য মন্দিরেও গুরু পূর্ণিমার পবিত্র শুভক্ষণে চলে পূজার্চনা।

জি-টোয়েন্টিঃ গুরুগ্রামে শুরু স্টার্টআপ-২০ গোষ্ঠীর শিখর সম্মেলন, চলবে দুই দিন ধরে



গুরুগ্রাম, ৩ জুলাইঃ ভারতের জি-টোয়েন্টি সভাপতিত্বে স্টার্টআপ-২০ গোষ্ঠীর দু’দিনের শিখর সম্মেলন সোমবার হরিযানার গুরুগ্রামে শুরু হয়েছে। সোমবার সকালে দুই দিনের এই স্টার্টআপ-২০ শিখর সম্মেলনের উদ্বোধন করেছেন বাণিজ্য ও শিল্প প্রতিমন্ত্রী সোম প্রকাশ এবং জি-টোয়েন্টি ইন্ডিয়ার শেরপা অমিতাভ কান্টা।স্টার্টআপের অনুকূল পরিবেশ গড়ে তুলতে এবং উদ্ভাবন ও শিল্পোদ্যোগের বিশ্বে ভারতের স্থান উন্নত করার লক্ষ্যে এই শিখর সম্মেলনের আয়োজন করা হয়েছে। দুই দিনের এই সম্মেলনে অর্থনৈতিক বিকাশ, কর্ম সংস্থান ও সমাজের অগ্রগতির মতো বেশ কিছু গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হবে পারে। স্টার্টআপের ক্ষেত্রে এই সম্মেলন মাইলফলক হিসেবে কাজ করবে বলে মনে করা হচ্ছে।

প্রধানমন্ত্রী মোদীর দূরদর্শী নেতৃত্বে বিশ্বস্তরে খেলাধুলায় ব্যাপক অগ্রগতি দেখিয়েছে ভারতঃ অনুরাগ ঠাকুর



নয়াদিল্লি, ৩ জুলাইঃপ্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দূরদর্শী নেতৃত্বে বিশ্বস্তরে খেলাধুলায় ব্যাপক অগ্রগতি দেখিয়েছে ভারত। বললেন কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। সোমবার নতুন দিল্লিতে ন্যাশনাল অ্যা্টি ডোপিং এজেন্সি এবং দক্ষিণ-পূর্ব এশিয়া আঞ্চলিক অ্যা্টি-ডোপিং সংস্থা-র মধ্যে মউ স্বাক্ষর অনুষ্ঠানে বক্তৃতার সময় মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ভবিষ্যতে ভারতকে একটি ক্রীড়া শক্তিতে পরিণত করার কল্পনা করেছেন। তিনি যোগ করছেন, ভারত প্রতিযোগিতা এবং প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে সমস্ত খেলার জন্য উচ্চ-মানের প্রশিক্ষণ, প্রাপ্যতা এবং উন্নত ক্রীড়া পরিকাঠামোর উপর মনোযোগ দিচ্ছে।ন্যাশনাল অ্যা্টি ডোপিং এজেন্সি এবং দক্ষিণ-পূর্ব এশিয়া আঞ্চলিক অ্যা্টি-ডোপিং সংস্থা-র মধ্যে মউ স্বাক্ষরকে ঐতিহাসিক আখ্যা দিয়ে অনুরাগ সিং ঠাকুর বলেছেন, এটি একটি মাইলফলক এবং এশিয়ান অঞ্চলে ডোপিং বিরোধী আঞ্চলিক সংযোগিতা বাড়ানোর দিকে ভারতের প্রথম এই ধরনের পদক্ষেপ। খেলাধুলায় পরিসংকিত অমৃতিকে অনুশীলনগুলিকে নিয়ন্ত্রণ করার জন্য একটি বিশ্বব্যাপী প্রযোজনীয়তারও আহ্বান জানিয়েছেন অনুরাগ সিং ঠাকুর।

ইন্দোনেশিয়ার পাপুয়া প্রদেশে ৬.২ মাত্রার ভূমিকম্প, আফটারশকের সতর্কতা জারি

জম্মু, ৩ জুলাইঃ আবারও ভূমিধসের ঘটনা জম্মু-শ্রীনগর জাতীয় সাকে। সোমবার সকালে জম্মু ও কাশ্মীরের রামবান জেলার কুনফের চাদেরকোট এলাকায় জম্মু-শ্রীনগর জাতীয় সাকের ওপর ধস নামে। তবে, এদিনের ভূমিধসের ফলে যানবাহন চলাচল বিঘ্নিত হয়নি। যানবাহন চলাচল স্বাভাবিকই ছিল।ট্র্যাফিকের পক্ষ থেকে জানানো হয়েছে, জাতীয় সড়কের একটি স্নেন ভূমিধসের কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে, তবে জম্মু-শ্রীনগর জাতীয় সাকের অন্য দুই লেন দিয়ে যানবাহন চলাচল করেছে। ট্র্যাফিকের ডিএমপি (রামবান) ইফতিকার আহমেদ বলেছেন, কয়েক ঘণ্টার চেষ্টায় রাস্তা পরিষ্কার করা হয়। এর স্বাভাবিকভাবেই গাড়ি চলাচল করেছে।

দুরন্ত বার্তা পূর্ণাঙ্গ পঙ্ক্তিকা

কলকাতা,৪জুলাইঃরবিবার, ১৮ আষাঢ় মাস ১৪৩০ বঙ্গাব্দ, ইংরেজীঃ৪জুলাই ২০২৩, ৫৬৬ চৈতনাব্দ, কলিঃ৫১২৩, সৌরঃ ১৮ আষাঢ় মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাধ, ২৫৬৫ বুদ্ধাব্দঃ, বাংলাদেশঃ১৮ আষাঢ় মাস ১৪৩০, ভারতীয় সিভিলঃ১৮ আষাঢ়মাস ১৯৪৪,মৈতৈঃ১১ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরী শ্রীশ্রী অরপূর্ণা পূজার গতগ্রাণন (সপ্তমী)সূর্য উদয়ঃসকাল ০৫ঃ ২৪ঃ২৫ এবং অস্তঃবিকাল ০ঃ৫ঃ ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১ঃ ২২(৮) এবং অস্তঃরাত্রি ১ঃ২১ঃ৬ ৫০(৮)।শুক্র পক্ষ তিথিঃসপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৮৮ঃ৪৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ১১ঃ২৮ঃ০১ দং ৪৫৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুকরণঃবহিজ রাত্রিঃ০৮ঃ২৮ঃ০১ দং ৬৭৮৮ঃ৪৫ পর্যন্ত পরে বিষ্টিযোগঃঅভিজও অমৃতযোগঃদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে - ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৩ঃ৩৬ পর্যন্ত, তারপর ১২ঃ ৫ঃ৬ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রি ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৬ঃ ৪৫ পর্যন্ত, তারপর ০ঃ৩০ঃ৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত। মহেন্দ্রযোগ রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ২ঃ১ঃ৪ পর্যন্ত, তারপর ০ঃ৫২ঃ১ঃ২ থেকে - ০৫ঃ২৪ঃ৩ঃ ২ পর্যন্ত।কুলিক বেলঃ দিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ ৪ঃ৪৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ০৭ঃ ২ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৫ পর্যন্ত। বারবেলাঃ দিন ০৮ঃ৩১ঃ ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত। কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ০৮ঃ১৮ পর্যন্ত। কালরাত্রিঃ০৮ঃ৪৫ঃ১২ থেকে - ১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহস্কৃতি (সূর্য উদয় কালীন)ঃরবিঃ১১ঃ২৪ঃ ৬১৯ (২৭) ৩ পদচন্দ্রঃ ২২১৫২৫০ (৭) ১ পদমঙ্গলঃ ২২৭৫৩৬৯ (২৩) ২ পদবৃঃ ০২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ ১০২৯৪২২৬ (২৫) ৬ পদশুক্রঃ ১০৮১৭৩ (২৪) ১ পদশনিঃ ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ ১২২৭৫৩ (৩) ২ পদকেতুঃ ৭২২৭৫৩ (১৬) ৪

আবহাওয়া

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬.২ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৫.০২ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলা। আংশিক অর্ধ্রতা হবে ৮৬শতকরা এবং ৪৪শতকরা। হাটের আবহাওয়াঃ সোমবার-সকাল ৮টা ২০ মিটি এবং রাত ৮টা ২০মিনিট হবে। ভাটা-সকাল-৭টা ২০মিনিট। রাত-৭টা ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৭মিনিটে এবং সূর্য অস্ত যাবেঃ ৬ টা ১৬ মিনিটে

রাশিফল

মেঘরাশিঃযে অনুভূতি গুলি আপনারকে অনুপ্রাণিত করে সেগুলিকে চিত্রিত করুন।শুভদিন বৃষভ রাশিঃআপনার উদ্দীপনা বাড়িয়ে তুলতে আপনার মনে এক উজ্জ্বল সুন্দর এবং গৌরবজনক ছবি প্রবেশ করান।শুভদিন। মিথুন রাশিঃমেঘের উপর দিয়ে হাটার সময় গর্ভবতী মায়েদের বিশেষ যত্ন অবলম্বন করা উচিত।কর্কট রাশিঃআপনার স্বামী বা স্ত্রীর বিশৃঙ্ হৃদয় এবং সাহসী মেজাজ খুশি দিতে পারে। দিনের শুরুতে আপনি কোনও আর্থিক ক্ষতিতে ভুগতে পারেন, যা পুরো দিনটিকে লুটন করতে পারে।সিংহ রাশিঃবিশেষ যাত্রা শুভ সংসারে শান্তি হতে পারে আজ।কন্যা রাশিঃএমন কোনো কাজকে নিযুক্ত হোন যা উৎসাহব্যঞ্জক এবং ভালভাবে ভারস্রু রাখবে। এটি ভালভাবে বোঝা উচিত করবে।তুলা রাশিঃব্যস্ত সময়সূচী সেরেও স্বাস্থ্য সুন্দর থাকবে, কিন্তু আপনার জীবনকে নিশ্চিতভাবে নেননা নী, উপলব্ধি এমনকি হবে বৃশ্চিক রাশিঃবহিরাঙ্গণ খেলাধুলা আপনাকে আকর্ষ করবে- ধ্যান এবং যোগ লাভজনক হবে।ধনু রাশিঃআপনার সব সমসার জন্য সেরা চিকিৎষেকই হল হাসি।নিজের জন্য অর্থ সাশ্রয়ের আপনার ধারণাটি আজ সম্পন্ন হতে পারে। অর্থ ব্যয় হতে পারে মকর রাশিঃকোন পুরোনো বন্ধুর সাথে পুনর্নির্জন আপনার উদ্দীপনা বাড়িয়ে তুলবে। আজ আপনি সহজেই মূলধন- হবে কুস্ত রাশিঃআপনার প্রফুল্ল স্বভাব অন্যদের খুশি করবে। আজ কোনও নিকট আত্মীয়ের সহায়তায় আপনি আপনার ব্যবসায় ভাল করতে পারবেন যা আপনাকে আর্থিকভাবে উত্তকৃত করবে।বিবাহের আগে হবে আজ মীন রাশিঃমেজাজের গোলমাল একটি বিতর্ক এবং বোঝাপড়ার দিকে এগোতে পারে।আপনার রহণশীল বিনিয়োগে সঞ্চয় রেখে আরো বেশি অর্থ উপার্জন করতে পারেন। আত্মীয় এবং বন্ধুদের কাছ থেকে অপ্রত্যাশিত

বাংলা মাধ্যমের ছাত্রদের ভর্তিতে ‘না’,লরেটো কলেজের নির্দেশিকা নিয়ে তুঙ্গে উঠল বিতর্ক

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ জুলাই : স্নাতকে ভরতির বিজ্ঞপ্তি দিয়ে এবার ‘বাংলা বিতর্কে’ জড়াল কলকাতার লরেটো কলেজ। দাবি, ভরতির ওই বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, বাংলা নয়, ইংরাজি মাধ্যমে উচ্চমাধ্যমিক পাশ করলে তারই ভরতির আবেদন করা যাবে কলেজে! এমনকী কেন ইংরাজিকে প্রাধান্য দিচ্ছে ওই কলেজ সেই বিষয়ে বিস্তারিত উল্লেখ করা হয়েছে নোটিসে। চিকিৎসক ও সামাজিক কর্মী কবিতুল হক লিখেছেন, ‘এসব কী! একটা কলেজ এরকম বলতে পারে না কি! বাংলা মিডিয়াম থেকে পড়ে এই ইংরেজি মাধ্যমে পড়া কলেজে ভর্তি হতে পারবে না? যতই সে যোগ্য হোক না? কেন! এতো দম্ত কিসের!

আমরা অনেকেই তো বাংলা মাধ্যম থেকে গিয়ে মেডিকেল কলেজে ভর্তি হয়েছিলাম, সেখানে এসব ছিল না। যোগ্যতার সাথে পড়াশোনা করে পাশ করেছি। এই দম্ত মানা যায় না। রাজীব ঘোষ লিখেছেন, ‘হ্যাঁচো’ টাও ইংরিজিতেই হাঁচতে হবে। কোর্টকাটিনোর চাপটাও দেবে ইংরিজিতে। ‘চুক চুক’ আওয়াজটাও হবে ইংরিজিতেই। ঘ্যাডমেডে সর্দি টানার আওয়াজও হবে ইংরিজিতে। ‘নাহল’ ভূমি বাদ! মহাশ্বেতা আচার্য লিখেছেন, ‘বাহ বাহ, বাংলা মিডিয়াম হয়ে তো কই কাকর আমেরিকাতে ইউরোপে কাজ করতে আটকাচ্ছে না! অথচ বাংলা মিডিয়াম থেকে পড়ে এলে লরেটোতে আগেই না? কেন! এতো দম্ত কিসের!

এদের পোস্টকলোনিয়াল ল্যাঙ্গ কেটে দেওয়া দরকার শ্রেফ অবিলম্বে! তাও আবার এল্লিকেশন এবং ফর্ম ফিলআপের আগে




জানানো হয়নি বলেই জানা যাচ্ছে (স্বাভাবিক স্বাভাবিক)। মধুবন্তী মিত্র লিখেছেন, ‘বাংলা টাংলা আমার মতো অশিক্ষিতের জন্যে’...মনে রাখবেন, আপনি ইংরিজি ভাষা জানেন কিনা জরুরী না কেবল বাংলা মাধ্যমে পড়লেই আপনি

ক্যাসে। আপনার জানা বোঝা ট্রুক যচাই করার সুযোগটুকুও আপনি পাবেন না। আমি এ যুগের ‘ক্যালসেলড’ দের তালিকায়। প্রসঙ্গতঃ, আমি ডিপার্টমেন্টে বাংলায় পড়াই। যেটুকু ইংরেজিতে বলার দরকার লেখার প্রয়োজনে সেটুকু অবশ্যই বলি। বাকি যেটুকু বোঝার বিষয়, পুরোটাই বাংলায় বলি। আমার ছাত্রছাত্রীদের ৭৫ চাকরি পেয়েছে গ্র্যাজুয়েশনের পরেই। শম্পা সেনগুপ্ত লিখেছেন, ‘খুব অন্যায় করছে, কিন্তু ইংরেজি না জানা থাকলে এখানে কাজ করা অসম্ভব হয়ে যায়, বাংলায় সরকারি বিধি খুঁজে পাইনা তাই এই বিষয়ে একটু সরব হতে পারিনা আমরা? এ বিষয়ে জানতে কলকাতা

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দেবাশিস দাসের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভরতি সংক্রান্ত নিয়মে এমন কিছুই নেই। এই ঘটনা কেন ঘটেছে, আসেি ঘটেছে কি না, এখনই বলতে পারছি না। লরেটো কলেজ কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগের চেষ্টা চলছে। উল্লেখ্য এই কলেজটি কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন। শিক্ষাবিদ পবিত্র সরকারের সঙ্গে যোগাযোগ করা হলে বলেন, আগেও ওই কলেজ কর্তৃপক্ষ এমন বিজ্ঞপ্তি দিয়েছিল কি না জানি না! কিন্তু যদি এমন হয় তাহলে তা মোটেও কান্য নয়। যে রাজ্যের শিক্ষা প্রতিষ্ঠান, তার মাতৃভাষা বাংলা। তাহলে এমন কেন হবে!

বিজ্ঞাপনের শুটিংয়ে কলকাতায় ভূমি

দূরন্ত বার্তা,কলকাতা, ৩ জুলাই : বিজ্ঞাপনের শুটিংয়ের জন্য কলকাতা ঘুরে গেলেন অভিনেত্রী ভূমি পেড্নেকের । আর সেই সঙ্গে সারলেন ডুরিভোজ। ইনস্টাগ্রামে সেই ছবিই শেয়ার করেছেন অভিনেত্রী। আলুপোস্তুর প্রেমে পড়ে গিয়েছেন অভিনেত্রী। সম্প্রতি নেটফ্লিক্সে ভূমি ও নওয়াজউদ্দিনের ‘অফ ওয়া’ ছবি তুমুল প্রশংসিত হচ্ছে। এমন পরিস্থিতিতেই কলকাতায় এসেছিলেন অভিনেত্রী। শোনা গিয়েছে, সায়ন্তন ঘোষালের পরিচালনায় বিজ্ঞাপনের শুটিং করেছেন তিনি। তার ফাঁকে পেটপেট করে ভেঙেননি। নিরামিষাশী অভিনেত্রী খাবারের থালায় যে ছবি ভূমি ইনস্টাগ্রামে শেয়ার করেছেন যেটুকু বোঝা যাচ্ছে তাতে লুচির সঙ্গে আলুপোস্তুর পাশাপাশি ধোকাও থেয়েছেন অভিনেত্রী। পাশাপাশি আরও দু’টি পদ রয়েছে। আলুপোস্তুর প্রেমে পড়ে গিয়েছেন অভিনেত্রী। তা জানিয়েছেন এই ভিডিও আপলোড করে। শোনা গিয়েছে, বড় বাজারে গিয়ে চুড়ি কেনার হচ্ছে ছিল অভিনেত্রী। তা হয়নি। তবে বাড়ির জন্য ঝালমুড়ি আর মিষ্টি নিয়ে গিয়েছেন তিনি।



স্বায়ী উপাচার্য না থাকায় বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থা চলছে

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ জুলাই : রাজ্যের ৩১টি সরকারি বিশ্ব বিদ্যালয়ে কোনও স্বায়ী উপাচার্য না থাকায় এক অভূতপূর্ব অচলাবস্থার সৃষ্টি হয়েছে বলে অভিযোগ করেছেন রাজ্যের বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ও শিক্ষাবিদদের একাশ্র। এর ফলে পঠনপাঠন এবং গবেষণার কাজ ব্যাহত হচ্ছে বলে তাদের অভিযোগ। আজ কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকের রাজ্যপাল, মুখ্যমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রীর কাছে আলোচনার মাধ্যমে বিষয়টির নিষ্পত্তির আবেদন জানান উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য ওমপ্রকাশ মিশ্র।

কড়া শাস্তি দিল তৃণমূল কংগ্রেস

দূরন্ত বার্তা, হাওড়া, ৩ জুলাই : কড়া শাস্তি দিল দল। নির্দল প্রতীকে ভোট লড়ায় ভোমজুড় কেন্দ্রেই ২১ জনকে বহিস্কার করলো তৃণমূল। দলের অফিসিয়াল প্রার্থীদের বিরুদ্ধে এরা নির্দল প্রতীকে ভোটে দাঁড়িয়েছেন। পঞ্চায়েত ভোটের মাত্র ৫ দিন আগে পাটি থেকে এদের বহিস্কার করা হলো। দলের অনুশাসন না মেনে দলের অফিসিয়াল প্রার্থীদের বিরুদ্ধে নির্দল প্রতীকে ভোটে দাঁড়ানোর অভিযোগ রয়েছে এদের সকলের বিরুদ্ধে। সোমবার এক সাংবাদিক বৈঠকে একথা জানান হাওড়া জেলা সদর তৃণমূল কংগ্রেসের সভাপতি বিধায়ক কল্যাণ ঘোষ। এদিন সাংবাদিক বৈঠকে কল্যাণ ঘোষ বলেন, দলের বিরুদ্ধে যদি কোনও দলীয় কর্মী বা দলের পদাধিকারী নির্দল বা অন্য কোনও দলের প্রার্থী হয়ে দলকে ক্ষতিগ্রস্ত করার জন্য নিজেদের সরিয়ে রাখে তাহলে তাদের দলে কোনও জায়গা থাকবে না। আগামী দিন তাদের দলে ফেরার জায়গা থাকবে না। সেই অনুযায়ী এদিন ২১ জনকে দল থেকে বহিস্কার করা হচ্ছে। বহিস্কৃতেরা হলেন সুপর্ণা পোডেল, নিতাইলাল বসাক, রুমা মজুমদার, অর্পণা মার্মা, তপন মার্মা, পার্শ্ব ভট্টাচার্য, মমতা মন্ডল, শম্পা পাজা, রুমা নাথ, পাশু নস্কর, নাটু হুদুত, অমলেন্দু মন্ডল, দেবজ্যোতি মন্ডল, বুলবুল ঘোষ, অমল কুমার ঘোষ, দীপিকা পাণ্ডে, মালতি ঝা, হরি নস্কর, তৃপ্তিকনা মন্ডল, চন্দনা দেবনাথ এবং পরিতোষ গায়োন। এরা সকলেই নির্দলের হয়ে দাঁড়িয়েছেন। আগামী দিন এদের সঙ্গে দলের সঙ্গে কোনও সম্পর্ক থাকবে না। দলের নির্দেশ একটা বুথে একটাই প্রার্থী হবে। তাকে জেতাবার জন্য দলীয় কর্মীরা ঝাঁপিয়ে পড়বে। কিন্তু কেউ কেউ দলকে বাদ দিয়ে নিজেকে জাহির করার চেষ্টা করছে। তারা ভাবছে দলীয় সিট দিয়ে আগামী দিন নিজেদের স্বার্থ চরিতার্থ করবে। যারা নিজেদের স্বার্থ চরিতার্থ করতে চাইবে তাদেরই আগামী দিনে বহিস্কার করা হবে। প্রসঙ্গত, এদিন নিয়ে এখনও পর্যন্ত মোট ৩৫ জনকে দল থেকে বহিস্কার করা হল।

লিলুয়ায় বিজেপির প্রার্থীর উপর হামলার অভিযোগ

দূরন্ত বার্তা, হাওড়া, ৩ জুলাই : হাওড়ার লিলুয়া চকপাড়ায় বিজেপির পঞ্চায়েত প্রার্থীর উপর হামলার অভিযোগ। এলাকায় উত্তেজনা। বালি-জগাছা রুকের চকপাড়ায় পঞ্চায়েত ভোটের প্রচারণে সময় এদিন দুমু্যত্বেরা ওই হামলা চালায় বলে অভিযোগ উঠেছে। অভিযোগ, আহত হয়েছেন একাধিক বিজেপি কর্মী। জখম কর্মীকে নিয়ে আসা হয় হাওড়া জেলা হাসপাতালে। লিলুয়া থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। আক্রান্ত বিজেপি নেতার নাম অরবিন্দ মন্ডল। লিলুয়া চকপড়ার বাসিন্দা।



দূরন্ত বার্তা, কলকাতা, ৩ জুলাই : গঙ্গা সাগরের গঙ্গাজল এখন থেকে ডাক বিভাগের মাধ্যমে পাওয়া যাবে। কলকাতা জিপিওতে আজ এক অনুষ্ঠানে গঙ্গাসাগর গঙ্গাজল প্রকল্পের উদ্বোধন করে ডাক বিভাগের মেলন্‌ অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্টের পোষ্টমাস্টার জেনারেল অনিল কুমার জানিয়েছেন,সাধারণ মানুষের সুবিধার্থে গঙ্গাসাগরের গঙ্গাজল এখন থেকে ডাকঘরে বিক্রি করা হবে। আড়াইশো মিলি লিটার জলের বোতল ৬০টাকা মূল্যে পাওয়া যাবে। আজ জিপিও সহ শহরের ১০টি ডাকঘরে এই গঙ্গাজল পাওয়া যাবে। আগামী সপ্তাহ থেকে কলকাতা এবং চলতি মাসের ১৫ তারিখের পর সমগ্র বেঙ্গল সার্ক্লেে মানুষ ডাকঘর থেকে গঙ্গাজল কিনতে পারবেন। এরপর আগামী মাস থেকে সারা দেশে গঙ্গাসাগরের গঙ্গাজল বিক্রি করা হবে। অনলাইনে অর্ডার দিয়েও গ্রাহকরা এই গঙ্গাজল পাবেন। শ্রী কুমার জানিয়েছেন,এর আগে ডাক বিভাগের মাধ্যমে গঙ্গোত্রী, ঋষিকেশ এবং হরিদ্বারের গঙ্গাজল মানুষের কাছে পৌঁছে দেওয়া হয়েছে। অনুষ্ঠানে ডাক বিভাগের পক্ষ থেকে গঙ্গাসাগর গঙ্গাজল প্রকল্পের একটি বিশেষ কভার প্রকাশ করা হয়।

রাজ্যজুড়ে হিংসার ঘটনা অব্যাহত, হাড়োয়ায় বোমা ফেটে মৃত্যু তৃণমূল কর্মীর

দূরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ৩ জুলাই : পঞ্চায়েত ভোটের আগে রাজ্যজুড়ে হিংসার ঘটনা অব্যাহত, এবার উত্তর ২৪ পরগনার হাড়োয়ায়



বোমা ফেটে মৃত্যু হল এক তৃণমূল কংগ্রেস কর্মীরা। হাড়োয়ার শালিপুর গ্রাম পঞ্চায়েতের সুড়িপুকুর এলাকার ঘটনা। মৃত তৃণমূল কর্মীর নামপরিতোষ মণ্ডল। সোমবার সকালে এলাকার একটি পুকুর পাড় থেকে তাঁর ক্ষতবিক্ষত দেহ উদ্ধার হয়। খবর পেয়ে ঘটনাস্থলে এসে পুলিশ দেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। পরিতোষ হাড়োয়া থানার সোনাপুকুরশঙ্করপুর অঞ্চলের কুচুমোড়ায় বাসিন্দা। স্থানীয় বাসিন্দারা জানিয়েছেন, বোমা বাঁধতে গিয়ে বিস্ফোরণে তাঁর মৃত্যু হয়েছে। রবিবার রাতে বোমা বাঁধতে গিয়ে আমচকা বিস্ফোরণ হয়। সেই বিস্ফোরণে পরিতোষের হাত উড়ে যায়। দেহের বিভিন্ন জায়গায় বোমার স্পিষ্টারের টুকরো বিধে মৃত্যু হয়েছে তাঁর। বিস্ফোরণের ঘটনায় আরও চার জন জখম হয়েছেন বলে শোনা যাচ্ছে। যদিও মৃতের স্ত্রীর দাবি তাঁর স্বামীকে খুন করা হয়েছে। পুলিশ অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে।

পঞ্চায়েত ভোট বন্ধের মামলা খারিজ করে দিল হাই কোর্ট

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ জুলাই : পঞ্চায়েত নির্বাচন বন্ধ করে দেওয়া এবং রাজ্যে জরুরি অবস্থা ঘোষণা নিয়ে করা কলকাতা হাই কোর্টে দায়ের করা জনস্বার্থ মামলা খারিজ হয়ে গেল। মামলার গ্রহণযোগ্যতা নেই বলে তা খারিজ করে দিল প্রধান বিচারপতি টিএস শিবাজ্ঞানম ও বিচারপতি হিরমুখ ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ। শ্রীধর বাগারি নামে প্রাক্তন সেনা অধিকারিক হাই কোর্টে পঞ্চায়েত নির্বাচন বন্ধ করার আরজি নিয়ে মামলা করেছিলেন(সেইসঙ্গে রাজ্যে জরুরি অবস্থা জারি করার আবেদনও জানান তিনি। অভিযোগ ছিল, রাজ্য নির্বাচন কমিশন নিরপেক্ষ নয়। কমিশন শাসক দলের নির্দেশমতো কাজ করছেন। মানুষের নিরাপত্তা, মানুষের সাংবিধানিক অধিকার খর্ব হচ্ছে। সেই মামলার শুনানিতে সোমবার প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ সাফ জানিয়ে দিল, কোন পরিস্থিতিতে রাজ্যে জরুরি অবস্থা জারি হতে পারে, তা একমাত্র রাজ্যপাল সিদ্ধান্ত নিতে পারেন।

রিষড়ায় স্বেচ্ছাসেবী সংস্থার পক্ষ থেকে দুস্থ শিশুদের বস্ত্র ও শিক্ষা সামগ্রী প্রদান

বলাইচাঁদ মুখোপাধ্যায়, শিয়াখালা, ৩ জুলাই : আজ রিষড়ার ঘোড়ামারা শিশু আন্দল আশ্রম মালিকপাড়া সমুদ্রপুরে, কলকাতার স্বেচ্ছাসেবী সংস্থা জেনেসিস রয়্যার এর উদ্যোগে ৫০ জন দুঃস্থ শিশুদের নতুন পোশাক, দুপুরের খাদ্য সামগ্রী বই খাতা স্কুল ব্যাগ পেন পেন্সিল সহ শিক্ষা সামগ্রী প্রদান করা হলো। ওই অনুষ্ঠানে ঘোড়ামারা শিশু আন্দল আশ্রমের শিশুদের প্রতি মাসে জেনেসিস চ্যারিটি ফান্ড থেকে ২০০০ টাকা করে দেওয়া হবে বলে ঘোষণা করেন সংস্থার পক্ষে গোবিন্দ কুমার ওঝা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রিষড়া পৌরসভার পৌরপ্রধান বিজয় সারির মিশ্রা, পঞ্চায়েত সদস্য প্রদীপ দাস, বিশিষ্ট সমাজসেবী রবিকান্ত ওঝা, মৃত্যুঞ্জয় কুন্ডু সহ বিশিষ্ট জেনেরা। অনুষ্ঠানের শুরুতে পৌর প্রধান বিজয় সারির মিশ্রা ও অন্যান্য অভিযোজক পুপপ স্তবক, উত্তরীয় দিয়ে বরণ করে নেন জেনেসিস রয়্যারের পক্ষ থেকে গোবিন্দ কুমার ওঝা। তিনি বলেন আমরা যেন সবসময় এই কাজ করতে পারি। দুঃস্থ শিশুদের সাহায্য করতে পেরে খুব ভালো লাগছে। তিনি আশা প্রকাশ করেন আগামী দিনে সমস্ত মানুষ দুঃস্থদের পাশে এগিয়ে এসে তাদের সাহায্য করবেন। অনুষ্ঠানে মোতা খোল নতুন পোশাক, খাতা, স্কুলের ব্যাগ, জ্যামিতি বস্ত্র,ও দুপুরের খাদ্য পেয়ে শিশুরা খুব খুশি। কয়েকজন শিশুও বক্তব্য নতুন জামা, প্যান্ট পেয়ে তাদের খুবই ভালো লাগছে। তিনি বলেন। রবি কান্ত ওঝা জানান আমরা সব সময় এই সব শিশুদের পাশে আছি এবং থাকবো। তারা জানান আমরা সব সময় এই সব শিশুদের পাশে আছি এবং থাকবো।

গ্রেফতারির আশঙ্কায় কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলের প্রার্থী ও কর্মীরা

দূরন্ত বার্তা,কলকাতা, ৩ জুলাই : ভোটের আগেই গ্রেফতার হতে পারেন, এই আশঙ্কায় রাতের ঘুম উড়েছে বিরোধী দলের বেশ কিছু



প্রার্থী ও কর্মীদের। গ্রেফতারির আশঙ্কা থেকেই এবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন বিরোধী দলের প্রার্থী ও কর্মী সমর্থকরা। পঞ্চায়েত ভোটের মনোনয়ন পর্বে বিভিন্ন জেলায় বিধায়ক দফায় উত্তেজনা ছড়ায়। বিরোধী দলের প্রার্থীদের মনোনয়ন জমায় বাধা দেওয়ার অভিযোগ ওঠে তৃণমূলের

মামলার শুনানি হবে। পঞ্চায়েত ভোটে ঘোষণা হতে আদালতে একের পর এক মামলা হয়েছে। ভোট ঘোষণার দিন রাজ্য পুলিশের উপর আস্থা প্রকাশ করেছিলেন নির্বাচন কমিশনার রাজীব সিনহা। কমিশনের মনোভাব বোঝার পর পঞ্চায়েত ভোটে কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের দাবিতে আদালতের দ্বারস্থ হন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী ও কংগ্রেস সাংসদ অধীর চৌধুরী। মনোনয়নর দিনক্ষণ বৃদ্ধি ও অনলইনে মনোনয়ন জমা নেওয়ার আবেদন করা হয় প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি উদয় কুমারের বেঞ্চে। কয়েক দফা শুনানির পর রাজ্যের সব জেলায় কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের নির্দেশ দেয় আদালত। সেই নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য নির্বাচন কমিশন ও সরকার। কিন্তু দেশের শীর্ষ আদালত সাফ জানিয়ে দেয় কলকাতা হাইকোর্টের রায়ে তারা কোনও হস্তক্ষেপ করবেন না। সুপ্রিম কোর্টে ভরৎসনার মুখে পড়তে হয় রাজ্য সরকারে।

ভারী বৃষ্টির পূর্বাভাস উত্তরবঙ্গে দক্ষিণবঙ্গে চড়ছে পারদ, গরমে নাস্তানাবুদ তিলোত্তমা

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ জুলাই : হিমালয় সন্নিহিত পশ্চিমবঙ্গ ও সিকিমের ওপর সৃষ্ট ঘূর্ণাবর্তের প্রভাবে উত্তরবঙ্গে আগামী ৭ ই জুলাই পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ ভারী

থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আলিপুর আবহাওয়া দফতর। আলিপুরদুয়ার, কোচবিহার, জলপাইগুড়ি, ডার্জিলিং ও কালিঙ্গুর জেলায় আগামী ৭ তারিখ পর্যন্ত অতি বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে। অন্যদিকে, দক্ষিণবঙ্গে ক্রমেই চড়ছে পারদ, অনুভূত হচ্ছে অস্বস্তিকর গরম। দক্ষিণবঙ্গের কোনও কোনও বিক্ষুব্ধাবে হালকা বৃষ্টি হলেও, গরম থেকে রেহাই পাওয়া যাচ্ছে না। সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা বেড়ে

২৯.৬ ডিগ্রি সেলসিয়াসে পৌঁছেছে, যা স্বাভাবিকের থেকে ৬ ডিগ্রি বেশি।



সোমবার সকাল থেকে কলকাতা ও লাগোয়া জেলাগুলির আকাশ মেঘলা

বিড়লা অ্যাকাডেমিতে দৃষ্টিহীন শিক্ষার্থীদের ল্যাপটপ প্রদান

দূরন্ত বার্তা, কলকাতা, ৩ জুলাই : দৃষ্টিহীন শিক্ষার্থীদের উচ্চ শিক্ষায় উৎসাহিত ও সাহায্য করার জন্য, প্রতিবন্ধী ব্যক্তিদের সংস্থা ল্যাপটপ প্রদান করেছে। রবিবার বিড়লা অ্যাকাডেমিতে একটি অনুষ্ঠানে উচ্চ মাধ্যমিকের পড়ুয়াদের, ১৪টি ল্যাপটপ, ১৫টি ডেইজি প্রেসার (টেব্লট থেকে স্পিচ কনভার্টার), ২৫টি স্মার্ট ফোন এবং ১৩১টি ডিজিটাল রেকর্ডার দিয়ে পুরস্কৃত করা হয়েছে। এনজিওর প্রতিষ্ঠাতা দিলীপ লয়ালকা বলেন, শিক্ষার্থীরা তাদের অধ্যয়নের

সামগ্রী রেকর্ড করতে এবং শুনতে পারবে। অনুষ্ঠানে প্রধান অতিথি ইন্ডিয়ান অয়েল কর্পোরেশনের নির্বাহী পরিচালক এলকেএস চৌহান। এদিন দিলীপ লয়ালকা এবং তাঁর সংস্থার উদ্যোগের প্রশংসা করে বলেন, এটি দৃষ্টিহীন শিক্ষার্থীদের জন্য খুবই সহায়ক হবে। কলকাতা পুলিশের প্রাক্তন কমিশনার এবং ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর রাইন্ড এর প্রাক্তন সভাপতি তুষার তালুকদারও এটির প্রশংসা করেছেন। তিনি বলেন, সমাজে এই মরনের উদ্যোগে দৃষ্টিহীন

সবজির অস্বাভাবিক বাজারদর নিয়ন্ত্রণে বাজারে হানা টাস্ক ফোর্সের

দূরন্ত বার্তা,কলকাতা, ৩ জুলাই : শাক সবজির অস্বাভাবিক বাজারদর নিয়ন্ত্রণে রাজ্য সরকারের গঠিত টাস্ক ফোর্স আজ শহরের বিভিন্ন বাজারে হানা দিয়েছে। সকালে রাজ্যের গড়া টাস্ক ফোর্সের একটি দল অভিযান শুরু করে বিধাননগর থেকে। বিধাননগরের এবিএসই মার্কেটে যৌথভাবে হানা দেয় টাস্ক ফোর্স ও বিধাননগর পুলিশের একটি দল। টাস্ক ফোর্সের সদস্যরা সন্ধ্যা বিক্রেতাদের সঙ্গে কথা বলেন। সবজির কেনা দাম এবং বিক্রয় মূল্যের মধ্যে এত পার্থক্য কেন সে ব্যাপারে তারা খোঁজ খবর করেন। বেশি লাভ করার জন্য অতিরিক্ত দামে সবজি বিক্রি না করার জন্য বিক্রেতাদের নির্দেশ দেওয়া হয়েছে। এর পর বিডি মার্কেট সহ শহরের আরও বেশ কয়েকটি বাজার পরিদর্শন করে এই টাস্ক ফোর্স। এদিন তৃণমূলের তরফেও ব্রহ্মমুলা বৃদ্ধির বিরুদ্ধে বিক্ষোভ কর্মসূচি পালনের জন্য যদুবাবুর বাজারে সন্ধ্যা বিক্রিরও উদ্যোগ নেওয়া হয়েছে। টমেটো, করলা, পটল, বেগুন, ঢাউসের মতো আনাজ সফল বাংলা বিপণিতে অন্তত ২০-২৫ শতাংশ কম দামে বিক্রি করা হচ্ছে।

নতুন ও পুরনো মুখ দিয়ে জেলা পরিষদ দখলে রাখতে চায় শাসক তৃনমুল কংগ্রেস

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ৩ জুলাই : আর মাএ কয়েক দিন পরে ভোট। চলছে শেষ মুহূর্তের চূড়ান্ত প্রচার সব দলের। এবারের ভোটে ৮৫ টি জেলা পরিষদ আসনে সন দলই অংশ নিয়েছে। তবে এবার নির্বাচনে জেলা পরিষদের দুই বিদায়ী কর্মাধ্যক্ষ টিকিট পায়নি জেলা পরিষদ আসনে। তাদের মধ্যে একজন বিদায়ী কর্মাধ্যক্ষ আবার পঞ্চায়েত সমিতিতে প্রার্থী হয়েছেন। বাকীপুর্ন্থ থেকে জেলা পরিষদের ৪৩ নং আসনে আবার তৃনমূল প্রার্থী হয়েছেন বিদায়ী জেলা পরিষদের উপাধ্যক্ষ জ্ঞান্ত ভদ্রা। ৪৫ নং আসনে দ্বিতীয়বার দাঁড়িয়েছেন শিল্পী গায়ন। ৪৪ নং আসনে জেলা পরিষদের প্রার্থী হয়েছেন রামনগর ২ নং পঞ্চায়েত প্রধান সূরত সরদার। জয়নগর ১ নং ব্লকের ৪২ নং আসনে দাঁড়িয়ে ছেন বারুইপুর পঞ্চায়েত সমিতির প্রাক্তন সদস্য বনানী গায়োন,৪১ নং আসনে জয়নগর ১ নং পঞ্চায়েত সমিতির বিদায়ী সভাপতি তপন কুমার মন্ডল, জয়নগর ১ নং ব্লকের

৪০ নং আসনে দাঁড়িয়েছেন জেলা তৃনমূল জয়হিন্দ বাহিনীর সহ সভাপতি রাঙ্ু লস্করের স্ত্রী গৃহবধূ বন্দনা লস্কর। জয়নগর ২ নং ব্লকের ১৫ নং আসনে বিদায়ী জেলা পরিষদ সদস্য খান জিয়াউল হক এবারে প্রার্থী হয়েছেন, ১৩ নং আসনে বিদায়ী জেলা পরিষদ সদস্য হাসানাবানু শেখ আবার দাঁড়িয়ে ছেন,১৪ নং আসনে নতুন মুখ গৃহবধূ উর্মিলা রায়কুলতলির তিনটি আসনেই এবারে নতুন মুখ আনা হয়েছে। ১০ নং আসনে প্রবীন তৃনমূল কর্মী শ্যামপদ নস্কর,১১ নং আসনে কুলতলি পঞ্চায়েত সমিতির প্রাক্তন কর্মাধ্যক্ষ মুকুন্দ মন্ডল ও ১১ নং আসনে গৃহবধূ ঝর্ণা নাডুয়া। জেলা পরিষদের বিদায়ী শিক্ষা কর্মাধ্যক্ষ প্রকাশ মন্ডল এবারে পঞ্চায়েত সমিতির প্রার্থী হয়েছেন।তবে টিকিট পায়নি বিদায়ী জেলা পরিষদের জনস্বাস্থ্য কর্মাধ্যক্ষ আবু তাহের সরদার।তবে চতুর্থ আসনে জয়নগর ১ নং পঞ্চায়েত সমিতির বিদায়ী সভাপতি তপন কুমার মন্ডল, জয়নগর ১ নং ব্লকের

বিজ্ঞান ও পরিবেশ

স্তন্যপায়ী প্রাণীর তিনটি নতুন প্রজাতি ও একটি নতুন রেকর্ড পাওয়া গিয়েছে

গত বছর দেশজুড়ে সন্ধান মিলেছে ৬৬৪ টি নতুন প্রজাতির প্রাণীরা। যা বিগত দশ বছরে সর্বোচ্চ।



কলকাতায় আয়োজিত জলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার (জেডএসআই) ১০৮ তম প্রতিষ্ঠা দিবস পালনের অনুষ্ঠান থেকে সেই নবআবিষ্কৃত প্রাণীদের তথ্য সম্বলিত বই প্রকাশ করা হল। ২০২২ সালে আবিষ্কৃত নতুন প্রজাতিগুলির মধ্যে ৫৮৬ টি অমেরুদণ্ডী ও ৮১ টি মেরুদণ্ডী প্রাণী। তাদের অন্তর্ভুক্তির পর দেশে আবিষ্কৃত প্রাণী প্রজাতির সংখ্যা বেড়ে ১ লক্ষ ৬ হাজার ৯২২ টি হল। নতুন আবিষ্কৃত প্রাণীগুলির মধ্যে ৫১ টির (৭.৬

স্পিসিস অ্যান্ড নিউ রেকর্ডস’ শীর্ষক বইটি আনুষ্ঠানিকভাবে প্রকাশ করা হয়। অমেরুদণ্ডী প্রাণীদের মধ্যে পতঙ্গের সংখ্যা সবথেকে বেশি। ৬৮৪ টি প্রজাতি। মেরুদণ্ডীদের মধ্যে মাছদের অধিক্য রয়েছে। উল্লেখযোগ্যভাবে এবছর স্তন্যপায়ী প্রাণীর তিনটি নতুন প্রজাতি ও একটি নতুন রেকর্ড পাওয়া গিয়েছে। ২ টি নতুন পাখির প্রজাতি, সরীসৃপের ৩০টি নতুন প্রজাতি ও দুটি নতুন রেকর্ড, উভচর প্রাণীর ৬টি নতুন প্রজাতি ও একটি নতুন রেকর্ড

বৃহস্পতি গ্রহেও বিদ্যুৎ চমকায়

পৃথিবীতে যেমন বজ্রপাত হয় বিদ্যুত্ চমকায়, তেমনই বৃহস্পতি গ্রহেও বিদ্যুত্ চমকায় বজ্রপাত হয়! নাসার মহাকাশযান সম্প্রতি এমনই এক ছবি তুলে চমকে দিয়েছেন। সম্প্রতি সেই ছবি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল। উল্লেখ্য, নাসার মহাকাশযান জুনো তা ধারণ করে কাছ বজ্রপাতের আভা দেখতে পায় জুনো। নাসার বৃহস্পতি প্রদক্ষিণ মিশনের সময় সেই ছবি তোলা হয়। নাসার বিজ্ঞানী কেভিন এন গিল মহাকাশযানে থাকা জুনোকাম যন্ত্রের ডেটা থেকে ছবিটি প্রক্রিয়া করেছিলেন। যখন ছবিটি নেওয়া

হয়েছিল, তখন ৭৮ ডিগ্রি অক্ষাংশে বিরাজ করছিল জুনো মহাকাশযান। এই ছবি দিয়ে বৃহস্পতি গ্রহে বজ্রপাত সম্পর্কে ব্যাখ্যা করে নাসা জানিয়েছেন, পৃথিবীতে বজ্রপাত জলের মেঘ থেকে উৎপন্ন হয় এবং প্রায়শই বিষুবরেখার কাছে ঘটে। আর বৃহস্পতিতে বজ্রপাতের সম্ভাবনা একটি অ্যামোনিয়াজল দ্রবণযুক্ত মেঘের মধ্যে ঘটে এবং তা প্রায়শই দেখা যায়। বিজ্ঞানীদের মতে দুটি গ্রহের মধ্যে নাটকীয় পার্থক্য থাকা সত্ত্বেও জুনো মহাকাশযানের পাঠানো ডেটা থেকে জানা যায়, বৃহস্পতিতে বজ্রপাতের প্রক্রিয়াগুলি পৃথিবীর মতো একই রকমের। এখানে উল্লেখ্য, বজ্রপাত পৃথিবীর সবথেকে শক্তিশালী প্রাকৃতিকভাবে ঘটে যাওয়া বৈদ্যুতিক উৎস।

উন্নয়নমূলক কাজের জন্য ট্রেন বাতিল ও পথ পরিবর্তন

মালিগাঁও, ৩ জুলাই : উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের কাটিহার ডিভিশনের অন্তর্গত মঙ্গুরজান, তিন মাইল হাট ও ডামডাঙ্গি স্টেশনে অটোমেটিক ব্রুক সিগনালিং চালু করার জন্য ১ জুলাই থেকে ৩ জুলাই, ২০২৩ পর্যন্ত



তিনদিনের পি় নন-ইন্টারলকিং এবং ৪ ও ৫ জুলাই, ২০২৩ তারিখে দুইদিনের নন-ইন্টারলকিং কাজের পরিপ্রেক্ষিতে নীচের বিবরণ অনুযায়ী কয়েকটি ট্রেনের পরিষেবা বাতিল এবং পথ পরিবর্তন করা হয়েছে।
ট্রেন পরিষেবার বাতিলকরণ
১ ট্রেন নং. ১৫৭০১/ ১৫৭১০ (মালদা টাউন- নিউ জলপাইগুড়ি-মালদা টাউন) এক্সপ্রেস ৪ ও ৫ জুলাই, ২০২৩ তারিখে বাতিল থাকবে।
ট্রেনের পথ পরিবর্তন
৪ ট্রেন নং. ২২৪১১ (নাহরলগুন- আনন্দ বিহার টার্মিনাল) অরুণাচল এসি এসএফ এক্সপ্রেস ট্রেনটি নিজের নির্ধারিত গন্তব্যস্থলে পৌঁছানোর জন্য ৪ জুলাই, ২০২৩ পর্যন্ত নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি জং., ঠাকুরগঞ্জ ও আলুয়াবাড়ি রোড স্টেশন হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে।
ট্রেন নং. ১২৩৬৪ (হুলাদিবাড়ি-কলকাতা) ত্রি-সাপ্তাহিক এক্সপ্রেস ট্রেনটি নিজের নির্ধারিত গন্তব্যস্থলে পৌঁছানোর জন্য ৪ জুলাই, ২০২৩ পর্যন্ত নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি জং., ঠাকুরগঞ্জ ও আলুয়াবাড়ি রোড স্টেশন হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে।
ট্রেন নং. ১৩১৭৪ (শিলচর-শিয়ালদহ) কাঞ্চনজংখা এক্সপ্রেস ট্রেনটি ৪ জুলাই, ২০২৩ তারিখে নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি জং., ঠাকুরগঞ্জ ও আলুয়াবাড়ি রোড স্টেশন হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে।
ট্রেন নং. ১৩১৭৪ (আগারতলা-শিয়ালদহ) কাঞ্চনজংখা এক্সপ্রেস ও ট্রেন নং. ১২৫২৩ (নিউ জলপাইগুড়ি-নিউ দিল্লি) এসএফ এক্সপ্রেস ট্রেনটি ৪ জুলাই, ২০২৩ তারিখে নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি জং., ঠাকুরগঞ্জ ও আলুয়াবাড়ি রোড স্টেশন হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে।
ট্রেন নং. ১২৪০৭ (নিউ জলপাইগুড়ি-অমৃতসর জং.) কর্মভূমি এক্সপ্রেস ট্রেনটি ৫ জুলাই, ২০২৩ তারিখে যাত্রা শুরু করে অমৃতসর জং. রেলওয়ে স্টেশনে পৌঁছানোর জন্য নিউ জলপাইগুড়ি, শিলিগুড়ি জং., ঠাকুরগঞ্জ ও আলুয়াবাড়ি রোড স্টেশন হয়ে চলাচল করবে।
ট্রেন নং. ১৫১১০ (লালগড়-ডিব্রুগড়) অবধ আসাম এক্সপ্রেস ট্রেনটি ২ জুলাই, ২০২৩ তারিখে লালগড় রেলওয়ে স্টেশন থেকে রওনা হওয়া নির্ধারিত গন্তব্যস্থলে পৌঁছানোর জন্য আলুয়াবাড়ি রোড, ঠাকুরগঞ্জ, শিলিগুড়ি জং., ও নিউ জলপাইগুড়ি স্টেশন হয়ে চলাচল করবে।
ট্রেন নং. ১২৫০৬ (কামাখ্যা-আনন্দ বিহার টার্মিনাল) নর্থইস্ট এক্সপ্রেস, ট্রেন নং. ১২৬৭৭ (শিয়ালদহ-নিউ আলিপুরদুয়ার) পদাভিক এক্সপ্রেস, ট্রেন নং. ২০৫০৪ (নিউ দিল্লি-ডিব্রুগড়) রাজধানী এক্সপ্রেস, ট্রেন নং. ১৩১৭৬ (শিয়ালদহ-আগারতলা) কাঞ্চনজংখা এক্সপ্রেস, ট্রেন নং. ১২৪২৪ (নিউ দিল্লি-ডিব্রুগড়) রাজধানী এক্সপ্রেস ও ট্রেন নং. ১৫৬৩৯ (পুরী-কামাখ্যা) এক্সপ্রেস ৪ জুলাই, ২০২৩ তারিখে যাত্রা শুরু করে নিজ্দের সম্বন্ধিত গন্তব্যস্থলগুলিতে পৌঁছানোর জন্য আলুয়াবাড়ি রোড, ঠাকুরগঞ্জ, শিলিগুড়ি জং., ও নিউ জলপাইগুড়ি স্টেশন হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে।

উৎকোচ মামলায় চাকরি হারালেন এসআই নিপু কলিতা

আসাম, ৩ জুলাই : আসামরাজ্যের বরাক উপত্যকায় বেশ কয়েক বছর চাকরিতে থাকা সাব- ইন্সপেক্টর নিপু কলিতাকে বরখাস্ত করল আসাম পুলিশ। আসাম পুলিশের মহাপরিচালক জিপি সিং রবিবার (২ জুলাই) টুইটারে জানান, নিপু কলিতাকে উৎকোচ গ্রহণ ও বিভাগীয় বিধি ভঙ্গের জন্য আসাম পুলিশ থেকে বিভাডি়ত করা হল। আসাম পুলিশের মহাপরিচালক তার টুইটে নিপু কলিতা হাজার জেলায় কর্মরত থাকার সময়ে এক উৎকোচ মামলার প্রেক্ষিতে এই সিদ্ধান্ত বলে জানিয়েছেন। তবে তার বিরুদ্ধে ৪ কোটি টাকার বাজেয়াপ্ত সোনার বিস্কুট সরিয়ে নেওয়ার অভিযোগ ও রয়েছে। ওই মামলায় ২০১৯ সালের ফেব্রুয়ারিতে পুলিশ তাকে প্রেফতার করে। তখন চাকরি থেকে সাময়িক বরখাস্ত হয়েছিলেন। এবার বিভাগীয় প্রক্রিয়ায় দোষী প্রমাণিত হওয়ায় তাকে পুরোপুরি চাকরিচ্যুত করা হয়। পরপর ২ দিনে দুই পুলিশ অফিসার চাকরি থেকে পুরো বরখাস্ত হলেন। থানায় কিশোরীর নগ্ন ছবি তোলার জন্য শনিবার (১ জুলাই) ইন্সপেক্টর বিমান রায়ের চাকরি যায়। রবিবার (২ জুলাই) উকোচ মামলায় চাকরি খোয়ালেন নিপু কলিতা।

এবং মাছের ২৮ টি নতুন প্রজাতি ও ৮টি নতুন রেকর্ড আবিষ্কার করা হয়েছে। জেডএসআইএর তথ্য অনুযায়ী, সবথেকে বেশি সংখ্যক প্রাণীর সন্ধান মিলেছে কেরল থেকে, ৯৭ টি (১৪.৬ শতাংশ)। কণ্ঠাটক থেকে ৮৮ টি, তামিলনাড়ু থেকে ৮৪ টি ও আন্দামান- নিকোবর দ্বীপপুঞ্জ থেকে ৫৬ টি নতুন প্রজাতির প্রাণীর খোঁজ পাওয়া গিয়েছে। বোটানিক্যাল সার্ভে অফ ইন্ডিয়ার ‘প্ল্যান্ট ডিসকভারিজ ২০২২’, ভারতের ৭৫ টি রামসার জলাভূমিতে সংরক্ষিত প্রাণীদের বৈচিত্র্য, ৭৫টি দেশীয় পাখি, ভারতের ১০৮ টি প্রাণীর ডিএনএ সিকোয়েন্সসহ মোট ছয়টি বই প্রকাশ করেন অনুষ্ঠানে উপস্থিত কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন বিষয়ক মন্ত্রী ভূপেন্দর যাদব, কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী অশ্বিনীকুমার চৌবে। ছিলেন জেডএসআইএর অধিকর্তা ধৃতি বন্দ্যোপাধ্যায়ও। উদ্বোধনী ভাষণে দেশের প্রাণীবৈচিত্র্য সংরক্ষণ ও নথিবদ্ধকরণে জেডএসআইএর গুরুত্ব তুলে ধরেন ভূপেন্দর যাদব।


চারজন মানুষ। বাস করছেন ‘মহাকাশের লাল লণ্ঠন’ মঙ্গলগ্রহে! না, কোনও কল্পবিজ্ঞান গবেষক কথা হচ্ছে না। সত্যি সত্যিই মঙ্গল অভিযানে রয়েছেন তারা। তবে এখানে একটা ‘কিন্তু’ রয়েছে। আসলে এই মঙ্গল পৃথিবীর মাটিতেই অবস্থিত। প্রথমবার চাঁদে পা রাখার পর কেটে গিয়ে পাঁচ দশকেরও বেশি। নতুন করে চাঁদের মাটিতে মানুষ পাঠানোর পরিকল্পনা করছে নাসা। সেই সঙ্কেই মঙ্গলের মাটিতেও মানুষের পা পড়ক, চাইছে মার্কিন মহাকাশ সংস্থা। এই পরিস্থিতিতে চারজন মানুষকে তৈরি করা হচ্ছে মঙ্গল অভিযানের জন্য। এবং সেটা পৃথিবীতেই। মার্কিন মুলুকে

বেলুচিস্তানে সন্ত্রাসবাদী হামলায় সেনাসহ নিহত ৬

বেলুচিস্তান, ৩ জুলাই : পাকিস্তানের বেলুচিস্তান প্রদেশে মেজরসহ ছয়জন নিহত হয়েছেন। রবিবার প্রদেশটির কচে ও শেরানি জেলায় গোলাগুলি ও হামলার এসব ঘটনা ঘটে বলে পাকিস্তানের সামরিক বাহিনীর আইএসপিআর জানিয়েছে। হামলার দায় স্বীকার নিষিদ্ধ ঘোষিত জঙ্গি গোষ্ঠী তেহরিক-ই-তালেবান পাকিস্তানের শেরানিতে তিনটি চেকপোস্টে একযোগে হামলা চালানো হয়। এতে চার নিরাপত্তা সদস্য নিহত হন। এর কয়েক ঘণ্টা পর কেচে ওই গোলাগুলির ঘটনাটি ঘটে। পাকিস্তান সামরিক বাহিনীর গণমাধ্যম শাখা আইএসপিআর এক বিবৃতিতে জানিয়েছে, গোয়েন্দা সূত্রে কেচের হোশাব এলাকায় একদল সন্ত্রাসবাদীর অভিবিধির খবর পেয়ে নিরাপত্তা বাহিনী সেখানে অভিযান চালান। সন্ত্রাসবাদীদের বের হওয়ার পথ বন্ধ করে দিতে অবরোধ বসানোর সময় একদল সন্ত্রাসী নিরাপত্তা বাহিনীর ওপর গুলিবর্ষণ করে। এখানে দু’ক্ষমের মধ্যে ব্যাপক গুলি বিনিময় হয়। এতে মেজর সাফিক হুসেইন ও নায়েক বাকির আলি মৃত্যুবরণ করেন। আরেক সেনা আহত হয়, বিবৃতিতে এনানটি বলা হয়েছে বলে পাকিস্তানের গণমাধ্যম জানিয়েছে।

এই হামলার সঙ্গে জড়িতদের খোঁজে ওই এলাকায় ব্যাপক অভিযান চালানো হচ্ছে বলে বিবৃতিতে জানানো হয়েছে। একইদিন শেরানি জেলার জোব-ডি.আই. খান মহাসড়কের দানাসার এলাকার তিনটি চেকপোস্টে কথিত সন্ত্রাসবাদীরা একযোগে হামলা চালালে তাদের সঙ্গে নিরাপত্তা বাহিনীর গোলাগুলি হয়। এতে দুই কর্মকর্তাসহ নিরাপত্তা বাহিনীর চার সদস্য এবং এক সন্ত্রাসবাদী নিহত হন। নিষিদ্ধ ঘোষিত জঙ্গি গোষ্ঠী তেহরিক-ই-তালেবান পাকিস্তান তাদের মুখপাত্রের মাধ্যমে দেওয়া এক বিবৃতিতে চেকপোস্টগুলোতে চালানো হামলার দায় স্বীকার করেছে। জঙ্গিরা চেকপোস্টে লক্ষ্য করে প্রেনেড ছুঁড়ে ও রকেট নিক্ষেপ করে হামলা শুরু করে বলে জানিয়েছেন নিরাপত্তা কর্মকর্তারা। এই ঘটনার পর নিহত নিরাপত্তা কর্মকর্তাদের স্বজনরাসহ বহু মানুষ হামলার দায় স্বীকার করেছে। জঙ্গিরা চেকপোস্টে হামলার প্রতিবাদে জোব-ডি.আই. মহাসাক অবরোধ করেন। এই সময় মহাস কাটিতে সব ধরনের যান চলাচল বন্ধ হয়ে যায়। হামলাকারীদের ধরতে অভিযান শুরু করা হয়েছে এবং শিগগিরই তাদের গ্রেফতার করা হবে, কর্তৃপক্ষের এমন আশ্বাসে প্রায় দুই ঘণ্টা পর জনতা অবরোধ সরিয়ে নেয়।

জীবনের সকল পর্যায়ে ও সমস্ত ভূমিকায় ধর্ম আবশ্যক : রাজনাথ সিং



জলন্ধর, ৩ জুলাই : জীবনের সকল পর্যায়ে ও সমস্ত ভূমিকায় ধর্ম আবশ্যক। গুরু পূর্ণিমা উপলক্ষ্যে পাঞ্জাবের জলন্ধরে আয়োজিত ‘গুরু পূর্ণিমা মহোৎসব’- এ এই

মন্তব্য করেছেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। সোমবার ‘গুরু পূর্ণিমা মহোৎসব’-এ রাজনাথ বলেছেন, গুরু এই পৃথিবীতে আমাদের পথপ্রদর্শক হিসেবে কাজ করেন। গুরু আমাদের দৃষ্টান্তের পথ দেখান। সত্যিকার অর্থে, গুরু আত্মাকে ঈশ্বরের সঙ্গে সহযোগ করার স্বেত্ব হিসেবে কাজ করেন... গুরু আমাদের ধর্ম অনুসরণ করে শেখান।

ধর্ম বলতে আমি বুঝি আমাদের কর্তব্য। ধর্ম আমাদের জীবনের সকল পর্যায়ে এবং সকল ভূমিকায় প্রয়োজনীয়। প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আরও বলেছেন,

পিতামাতার মত সন্তানদেরও কর্তব্য পিতামাতার আদেশ পালন করা। এই পৃথিবীতে নিজের পিতামাতাকে ঈশ্বর মনে করে তাঁদের সেবা করণ। এখনও আমাদের সমাজে শ্রাবণ কুমারকে স্মরণ করা হয়, শুধুমাত্র এই কারণে যে তিনি তার বাবা-মাকে নিজের উপরে রেখেছেন। রাজনাথ আরও বলেছেন, দেশের প্রতিরক্ষামন্ত্রী হওয়ায় ভারতের সাহসী সৈন্যদের মাধ্যমে এই দেশকে রক্ষা করা আমার কর্তব্য।

আপনি যে পদেই অধিষ্ঠিত হোন না কেন, আপনার একটি বিশেষ ধর্ম রয়েছে এবং আপনাকে সেই ধর্মকে অনুসরণ করতে হবে। জীবনের প্রতিটি ক্ষেত্রেই ধর্মের প্রয়োজন, তা রাজনীতিই হোক।

NAME CHANGE
<i>Sujata Mukherjee, Wife of Shyamal Mukherjee</i>, Residing at: Lake View Complex, H-1, B10/19, Howrah-711154, do hereby declare that through an affidavit old: 23.06.21 before the Executive Magistrate 2nd Court Howrah. I have declared that <i>Sujata Mukherjee & Sujata Mukherjee</i> as mentioned in Passport No. J1023793 Dtd. 01.12.2010 are one & same. That in Andher, Pan & Voter Card my name is written as <i>Sujata Mukherjee</i>.

Name Change
I, DIBYASREE MUKHERJEE D/O DILIP MUKHERJEE Presently residing at 11, Nepal Bhattacharjee Street, PS-Kalighat, Kolkata-700026 West Bengal, India, do hereby solemnly affirm & declaring my daughter's actual name DEBADRITA MUKHERJEE instead of DEBADRITA NASKAR, vide an affidavit sworn before Notary public at Kolkata on 26/06/2023. DEBADRITA MUKHERJEE and DEBADRITA NASKAR both are same and one identical person.

Name Change
<i>I, Rahul Baid S/O, BINOD KUMAR BAID</i> Presently residing at 493/B G.T. ROAD SOUTH,RAGHAB RESIDENCY,Block-1, Flat-6F, 6th Floor, near Jain Hospital, PO-Shibpur, PS-Shibpur, Dist-Howrah, Pin-711102 West Bengal, India, do hereby solemnly affirm & declaring my daughter's actual name SAANCHAL BAID instead of SANCHAL BAID, vide an affidavit sworn before Metropolitan Magistrate at Kolkata on 30/06/2023. SAANCHAL BAID and SANCHAL BAID both are same and one identical person.

Name Change
I, A K KAJARIA (old name) S/O HIRA LAL KAJARIA Presently residing at 157 CHITTARANJAN AVENUE, M G ROAD, KOLKATA-700007 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ANAND KUMAR KAJARIA, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. A K KAJARIA and ANAND KUMAR KAJARIA both are same and one identical person.

Name Change
I, MD ZAINUL ABEDEEN (old name) S/O LATE MOHAMMAD HUSSAIN Presently residing at 485, G.T Road, Shibpur, Howrah-71102 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ZAINUL ABEEDIN, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. MD ZAINUL ABEDEEN and ZAINUL ABEEDIN both are same and one identical person.

Name Change
I, MD AKHTAR ALI MOLLA (old name) S/O RUHUL AMIN MOLLA Presently residing at Panchur Laskar Para, PS-Rabindra Nagar, Kolkata-700018 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AKHTAR ALI MOLLA, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. MD AKHTAR ALI MOLLA and AKHTAR ALI MOLLA both are same and one identical person.

Name Change
I, SHAHJAHAN (old name) W/O TABREZ ALAM Presently residing at P-124 KHANSAMA PARA, MUDIALI ROAD, PO- GARDEN REACH, KOLKATA-700024 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SHAHJAHAN KHATOON, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. SHAHJAHAN and SHAHJAHAN KHATOON both are same and one identical person.

কঞ্চল কাণ্ডে স্বস্তিতে জিতেন্দ্র- চৈতালি, সুপ্রিম কোর্টে বাড়ল রক্ষাকবচের মোয়াদ

নয়াদিল্লি, ৩ জুলাই : আরও এক সপ্তাহ বাড়ল বিজেপি নেতা জিতেন্দ্র তিওয়ারি ও তাঁর স্ত্রী চৈতালি তিওয়ারির রক্ষাকবচের মোয়াদ। আসানসোলে কঞ্চল বিতরণে পদপিষ্ট হয়ে মৃত্যুর ঘটনায় আগামী ১০ জুলাই বিজেপি নেতা ও তাঁর কাউন্সিলর স্ত্রী চৈতালি তিওয়ারিকে তদন্তকারীদের সামনে হাজির হতে হবে জিজ্ঞাসাবাদের জন্য। সোমবার এমনই নির্দেশ দিল সুপ্রিম কোর্ট। এই মামলায় বাকি দুই কাউন্সিলর সৌতম গুপ্তা ও তেজপ্রতাপ সিংয়ের অন্তর্বর্তীকালীন রক্ষাকবচ বহাল রাখল শীর্ষ আদালত। মামলার পরবর্তী শুনানি ১৭ জুলাই। গত বছরের ডিসেম্বর মাসে আসানসোলে কঞ্চল বিতরণ অনুষ্ঠানের আয়োজন করে স্থানীয় বিজেপি নেতৃত্ব। মূল উদ্যোক্তা ছিলেন জিতেন্দ্র তিওয়ারি এবং তাঁর স্ত্রী চৈতালি তিওয়ারি। সেখানে প্রধান অতিথি হিসেবে হাজির ছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। বিতরণের সময়ে ভিড়ের চাপে পদপিষ্ট মৃত্যু হয় ৬ জনের। সেই মামলায় তাদের অভিযুক্ত করে মালা করা হয়। সেইসঙ্গে আসানসালের আরও দুই

Name Change
I, SK HASEN ALI alias SEKH MOHTAHA (old name) S/O SK RAJAB ALI Presently residing at X-25, S.A. Faruk Road, PS-Nadial, Kolkata-700018 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SK HASAN ALI, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. SK HASEN ALI, SEKH MOHTAHA and SK HASAN ALI both are same and one identical person.

Name Change
I, AMINUL HOQUE (old name) S/O ABDUL RAIZ Presently residing at Vill-Puturia, PO-Golabari Bazar, PS-Shasan, Dist- North 24 Parganas, Pin-743423 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) AAMINUL HOQUE, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. AMINUL HOQUE and AAMINUL HOQUE both are same and one identical person.

Name Change
I, Sk Obaidullah Ali (old name) S/O Sk Samsul Akbar Alam Presently residing at -vill-chandpur, p/s-bali haturi, p/s-shyampur, Dist -Howrah, pin no-711315 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) Sk Obaidulla Ali, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. Sk Obaidulla Ali and Sk Obaidulla Ali both are same and one identical person.

Name Change
I RABIA KHATOON W/O JALALUDDIN MD. AKBAR R/O R- 175/1 AKRA ROAD, PS-METIABURJ, KOLKATA-700024 SHALL HENCEFORTH BE KNOWN AS RABIYA BEGAM VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARYPUBLIC AT KOLKATA ON 03/07/2023.RABIYA BEGAM AND RABIA KHATOON ALLARE SAME AND IDENTICAL PERSON.

Name Change
I, RAMEN BANERJEE residing at Vill-Kadmaghati, PO-Chhatarkanali, PS-Bankura, Dist- Bankura, Pin-722155 WB India do hereby solemnly affirm & declaring my father's (Now deceased) actual name FAKIR BANERJEE instead of FAKIR PARIKSHA, vide an affidavit sworn before the Sub Divisional Magistrate, Bankura Sadar on 06/06/2023. FAKIR BANERJEE and FAKIR PARIKSHA both are same and one identical person.

Name Change
I, Deep Banerjee @ Deep Pariksha, S/o Late Somen Banerjee @ Somen Pariksha residing at Vill- Kuraria, PO-Chhatarkanali, PS- Bankura, Dist- Bankura, Pin-722155 WB India do hereby solemnly affirm & declaring my grandfather's (now deceased) actual name FAKIR BANERJEE instead of FAKIR PARIKSHA, vide an affidavit sworn before the Sub Divisional Magistrate, Bankura Sadar on 06/06/2023. FAKIR BANERJEE and FAKIR PARIKSHA both are same and one identical person.

Name Change
I, NIHARBALA BANERJEE residing at Vill-Kadmaghati, PO-Chhatarkanali, PS-Bankura, Dist-Bankura, Pin-722155 WB India do hereby solemnly affirm & declaring my husband's actual name FAKIR BANERJEE instead of FAKIR PARIKSHA, vide an affidavit sworn before the Sub Divisional Magistrate, Bankura Sadar on 03/07/2023. FAKIR BANERJEE and FAKIR PARIKSHA both are same and one identical person.

Name Change
I, MD ALAMGEER HOSSAIN (old name) S/O AAMINUL HOQUE Presently residing at Vill-Puturia, PO-Golabari Bazar, PS- Shasan, Dist-North 24 Parganas, Pin-743423 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ALAMGEER HOSSAIN, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. MD ALAMGEER HOSSAIN and ALAMGEER HOSSAIN both are same and one identical person.

Name Change
I, DEBEN BANERJEE residing at Vill-Kadmaghati, PO-Chhatarkanali, PS-Bankura, Dist- Bankura, Pin-722155 WB India do hereby solemnly affirm & declaring my father's actual name FAKIR BANERJEE instead of FAKIR PARIKSHA, vide an affidavit sworn before the Sub Divisional Magistrate, Bankura Sadar on 03/02/2023. FAKIR BANERJEE and FAKIR PARIKSHA both are same and one identical person.

Name Change
I, KUSUM (old name) W/O ANGAD BISWAS Presently residing at Vill-Angarpukuria, PO-Boaldah, PS-Bongaon, Dist- Bongaon, Pin-743235 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) SHIBANI BISWAS, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. KUSUM and SHIBANI BISWAS both are same and one identical person.

Name Change
I, RAJ KUMAR (old name) S/O AMULYA BISWAS Presently residing at Vill-Angarpukuria, PO- Boaldah, PS-Bongaon, Dist- Bongaon, Pin-743235 West Bengal, India, have changed my name to (shall henceforth be known as) ANGAD BISWAS, vide an affidavit sworn before Notary public at Kolkata on 03/07/2023. RAJ KUMAR and ANGAD BISWAS both are same and one identical person.

কেন্দ্র সরকারের আর্থিক বঞ্চণার কথা জনসমক্ষে তুলে ধরে নির্বাচনী প্রচার চালালেন রাজ্যসভার সাংসদ মৌসম নূর

দুরন্ত বার্তা, মালদা, ৬ জুলাই : কেন্দ্র সরকারের আর্থিক বঞ্চনার কথা জনসমক্ষে তুলে ধরে নির্বাচনী প্রচার চালালেন তৃণমূলের রাজ্যসভার সাংসদ মৌসম নূর। সোমবার তুমুল বৃষ্টির মধ্যে হাতে ছাতা নিয়ে রতুয়া ২ ব্লকের বিভিন্ন এলাকায় ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালান সাংসদ মৌসম নূর। বৃষ্টির মধ্যে মানুষের বাড়ি বাড়ি গিয়ে কেন্দ্র সরকারের ১০০ দিন কাজ প্রকল্প এবং আবাস যোজনায় দীর্ঘদিন ধরে টাকা আটকে রেখেছে, সে কথা সাধারণ মানুষের কাছে তুলে ধরেন তৃণমূল সাংসদ মৌসম নূর। এদিন রতুয়া ২ ব্লকের পুরুরিয়া, আড়াইডাঙ্গা, পরানপুর, পীরগঞ্জ গ্রাম পঞ্চায়েত এলাকাগুলিতে দলীয় প্রার্থীদের সঙ্গে নিযেই প্রচার চালান তৃণমূল সাংসদ । সেই প্রচারের মাধ্যমে সাধারণ মানুষেরা সাংসদের কাছে জানতে চান করে ১০০ দিনের বকেয়া টাকা মিলবে। আবাস যোজনার ঘর তারা কিভাবে পাবেন। সেই প্রসঙ্গ সামনে আসতেই সাংসদ মৌসম নূর বলেন, দীর্ঘ দুই বছর ধরে কেন্দ্রের মোদী সরকার টাকা আটকে রেখেছে। রাজ্যকে এইসব প্রকল্পের টাকা দিচ্ছে না। তারই বিরুদ্ধে সকলকেই একাবদ্ধ হতে হবে। পাশাপাশি এদিন ওইসব এলাকায় সাধারণ মানুষের বাড়ি বাড়ি গিয়ে খোঁজ নেন যে তাঁরা লক্ষ্মী ভান্ডার পাচ্ছেন কিনা। স্বাস্থ্যসাধী কার্ডের সুবিধা পেয়েছেন কিনা। তৃণমূল সাংসদদের এই প্রশ্নের উত্তরে এক বাকেই ওইসব এলাকার বাসিন্দারা স্বীকার করেন যে তারা রাজ্য সরকারের সমস্ত রকম প্রকল্পের সুবিধা পাচ্ছেন। একইভাবে এদিন রতুয়া দুই ব্লকের ওইসব এলাকাতে বিজেপি, কংগ্রেসের পক্ষ থেকেও দলীয় প্রার্থীদের সমর্থনে নির্বাচনের প্রচার চালান স্থানীয় দলীয় নেতৃত্ব। রতুয়া ২ ব্লকের অধিকাংশ গ্রাম পঞ্চায়েত ও পঞ্চায়েত সমিতি রয়েছে তৃণমূলের দখলে। রতুয়া বিধানসভা কেন্দ্রের আসনটিও রয়েছে তৃণমূলের। চাচল মহকুমার এই ব্লকের বিভিন্ন গ্রাম পঞ্চায়েতগুলি অত্যন্ত দুর্গম । আর সেই গ্রাম পঞ্চায়েতগুলিতে এদিন সকাল থেকেই বৃষ্টি মধ্যেই মনোনীত তৃণমূল প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচার চালান সাংসদ মৌসম নূর।



কাজ করছি। আসলে বিরোধীদের কাছে নির্বাচনী প্রচারে কোন ইস্যু নেই। তাই ওরা বিভিন্ন অজুহাত দেখিয়ে মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। এদিনের রতুয়ায় নির্বাচনী প্রচারে মানুষের খুব ভালো সাড়া মিলেছে। যদিও এপ্রসঙ্গে উত্তর মালদার বিজেপি সাংসদ খগেন মুর্মু বলেন, ভোট পাওয়ার জন্য বিভিন্ন ধরনের প্রকল্পের সুবিধার কথা মানুষের কাছে বলা হচ্ছে। কিন্তু স্বাস্থ্যসাধী থেকে শুরু করে বিভিন্ন প্রকল্পের সুবিধা অনেকেই পান নি। তাছাড়াও মেঝেের বিভিন্ন পঞ্চায়েত গুলিতে দুর্নীতি হয়েছে তার বিরুদ্ধে সোচ্চার হয়েছেন সাধারণ গ্রামবাসীরা। আসন্ন পঞ্চায়েত নির্বাচনে ভোট বাঞ্চে এর প্রভাব পড়বে।

কংগ্রেস - বিজেপি কী জোট এ কী চিত্র কান্দিতে, বামের সঙ্গে নেই কংগ্রেস!



দুরন্ত বার্তা, কান্দি, ৩ জুলাই : জোটের লড়াই নাকি স্বার্থের লড়াই! নীতির লড়াই নাকি নেতার লড়াই! এই গোলক ধাঁ ধাঁ-র মধ্যেই আবার খোঁয়াশা তৈরী হল কান্দিতে। পঞ্চায়েত নির্বাচনে বাম-কংগ্রেস জোটের কথা সবারই জানা। কিন্তু বামেরের প্রার্থী থাকতেও বিজেপির সঙ্গে জোট করল কংগ্রেস । কেন্দ্রের মূল বিরোধী দলের সাথে জোট! কান্দিতে পঞ্চায়েত ভোটের দেওয়াল লিখতে দেখা গেল এমনই ছবি। কান্দির যশোহরি অনুখা ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের ঘোষবাটি গ্রামে বিভিন্ন দেওয়াল লিখন দেখা গেল কংগ্রেস - বিজেপি প্রার্থীর নামে একেছোটো দেওয়াল লিখন। সাথে রয়েছে দলীয় প্রতীক চিহ্নও। এই ঘটনায় শুরু হয়েছে রাজনৈতিক চাপানউতোর। যশোহরি অনুখা-১ পঞ্চায়েতের অন্তর্গত ঘোষবাটি গ্রাম দেওয়াল লিখন ওই গ্রামসহ একাধিক জায়গায় বোলানো

ভারতবর্ষে শেষ আশা, তার নাম মনো বন্দ্যোপাধ্যায় : ফিরহাদ হাকিম!

দুরন্ত বার্তা, বীরভূম, ৩ জুলাই : ভারতবর্ষে শেষ আশা, তার নাম মনো বন্দ্যোপাধ্যায়। দিদি বার্তা মিলেছেন সুস্থ হয়ে প্রথমে তিনি বীরভূমে আসবেন। দিদি তাঁর কথা রাখেন। দুরবারজপুর রাস্তা বিদ্যাপীঠ সংস্কৃতি মঞ্চ ময়দানে ভার্চুয়াল স্ক্রিনের সামনে তিলধরণের জায়গা নেই। কালিঘাট থেকে মমতা বন্দ্যোপাধ্যায়ের কমিটেন্ট রাখা বা পুরণের কথা বলেন। ফিরহাদ বলেন, কেউ ভয় পেয়ে, কেউ পদের লোভে, বা চাপে পড়ে বিক্রি হয়ে যাচ্ছে। কালকে মহারাপ্টে হয়েছে। শিবসেনার পর, শরদ পাওয়ারের এলাস্টিতে ডাঙন এবং বিজেপি জোট সরকারে যোগদান প্রসঙ্গে ফিরহাদ বলেন, কাল রাতে মহারাপ্টে যা হয়েছে খুব খারাপ হয়েছে। সাইকেলে ভয় দেখাচ্ছে ভাইয়ের গর্বের সিং। শোলে সিনেমার গর্বের সিনয়ের কালো দাড়ি ছিল, কিন্তু বাস্তবের গর্বরের সাদা দাড়ি। যখন শ'য়ে শ'য়ে মানুষের বাড়ি, এক কথায় মনিপুর স্ব্বলছে, তখন গর্বর চূপা। আমেরিকা ঘুরে বেড়াচ্ছে। এই ঘুরে বেড়ানো প্রসঙ্গে আমার তো সার্লিনা মহাহাতো সিনেমার সেই গানের একটা লাইন মনে পড়ছে–সালা এইমৈ তো সাহেব বন গিয়া। গর্বর দশ লক্ষ টাকার সুট পরে বেড়াচ্ছেন। অথচ আমাদের মুখ্যমন্ত্রী টালির ঘরে বাস করেন। এখনো পায়ে হাওয়াই চটি। দিদি

চণ্ডীতলায় সিপিএম ও আইএসএফ-এর যৌথ নির্বাচনী প্রচার মিছিলে হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে, আহত ৬

দুরন্ত বার্তা, হুগলি, ৩ জুলাই : পঞ্চায়েত ভোট ঘোষণার পর থেকেই রাজনৈতিক উত্তেজনার পারদ চড়েছে শুরু করে বঙ্গ রাজনীতিতে। মনোনয়ন পর্ব ঘিরে তা চরমে উঠেছিল। সেই অশান্তিতে বিরাম নেই। এখনও রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে কেজাই হালানা, পাল্টা হালানা বোমাবাজি, গুলি চলার খবর আসছে। রবিবার হুগলি জেলার চণ্ডীতলার মাদপুরে চড়ার মিছিলে হামলার অভিযোগ উঠল। সিপিএম ও আইএসএফ-এর যৌথ নির্বাচনী প্রচার মিছিলে হামলার অভিযোগে তৃণমূলের বিরুদ্ধে। এর জেরে রীতিমতো সংঘর্ষ হয় দুপক্ষের। ঘটনায় আহত দুপক্ষের ৬ জন।



আহতদের প্রথমে আইহা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ভর্তি করা হয়। যদিও প্রাথমিক চিকিৎসার পর পাঁচ জনকে ছেড়ে দেওয়া হয়। এক সিপিএইএম কর্মীর অবস্থা আশঙ্কাজনক। তাঁকে শ্রীরামপুর হোয়াস হাসপাতালে স্থানান্তরিত করা হয়েছে। সংঘর্ষের খবর পেয়ে ঘটনাস্থলে এসেছিল চণ্ডীতলা থানার পুলিশ। এই ঘটনাকে কেন্দ্র করে

নিষিদ্ধ কাপ সিরাপ সহ এক ব্যক্তি গ্রেফতার

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ৬ জুলাই : নিষিদ্ধ কাপ সিরাপ সহ এক ব্যক্তিকে গ্রেফতার করলো প্রধান নগর থানার পুলিশ। শিলিগুড়ি মেট্রোপলিটন পুলিশের প্রধান নগর থানার পুলিশ সূত্রে জানা গিয়েছে ধৃতের নাম রফিকুল ইসলাম। ধৃতের বাড়ি আলিপুরদুয়ার জেলার কালাকাটা। তবে ধৃত রফিকুল ইসলাম বেশ কিছুদিন যাবৎ প্রধান নগর থানা এলাকার সমর নগর বটতলা এলাকায় বাড়ি ভাড়া নিয়ে ছিল। বেশ কিছুদিন ধরেই পুলিশের কাছে খবর ছিল অভিযুক্ত মাদকের কারবার চালাচ্ছে। এই সূত্র ধরেই অভিযুক্তের ওপর নজরদারি চালাচ্ছিল প্রধান নগর থানার সাদা পোশাকের পুলিশ। অবশেষে রবিবার রাতে মিলে গেল সাফল্য। প্রধান নগর থানার রেশুলেটেড মার্কেট এলাকায় রফিকুল ইসলামকে নিষিদ্ধ কাপ সিরাপ সহ গ্রেফতার করলো প্রধান নগর থানার পুলিশ। ধৃতের কাছে থাকা একটি নীল রঙের ব্যাগের ভেতরেই ছিল প্রচুর নিষিদ্ধ কাফ সিরাপ, যা সে বিক্রির উদ্দেশ্যে নিয়ে যাচ্ছিল। সোমবার ধৃত রফিকুল ইসলামকে শিলিগুড়ি আদালতে পাঠায় প্রধান নগর থানার পুলিশ।

নির্বাচনী প্রচারে সুকান্ত মজুমদার

দুরন্ত বার্তা, কোচবিহার, ৩ জুলাই : কোচবিহার জেলায় নির্বাচন প্রচারে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার। কোচবিহারের আকড়ার হাট এলাকায় বিজেপির প্রার্থীদের নিয়ে রোড শো করেন তিনি। আকরার হাট - এর পাশাপাশি চান্দামারী, ঢিলকির হাট এলাকায় বিজেপির প্রার্থীদের নিয়ে নির্বাচনী প্রচারে রোড শো করেন তিনি। এদিন চান্দামারী এলাকায় তৃণমূল কংগ্রেস ছেড়ে বিজেপিতে যোগদান করেন তৃণমূল কংগ্রেসের কোচবিহার ১ নম্বর ব্লকের সম্পাদক প্রাণেশ রায়। আজ বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার তার হাতে দলীয় পুস্কা তুলে দেন।

ভাতারে বিজেপি প্রার্থীর বাড়িতে হামলার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে

সুজিত দত্ত, বর্ধমান, ৩ জুলাই : বিজেপি প্রার্থীর বাড়িতে দলবল নিয়ে হামলা ও হুমকির অভিযোগে উঠল রাজ্যের শাসকদল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। ঘটনাটি পূর্ব বর্ধমানের ভাতারের বড়বেলুন গ্রামের। বিজেপির অভিযোগ, ভাতার ব্লকের বড়বেলুন গ্রামের ৯২ ও ৯৮ নং বুথের বিজেপি প্রার্থী বিমল দাস ও তার স্ত্রী মমতা দাস এবারে ভোটে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এদিন স্থানীয় তৃণমূল কর্মী অভিষেক পালের নেতৃত্বে ১০-১২ জন তৃণমূল কর্মী বিজেপি প্রার্থীর বাড়িতে লাঠি, বাঁশ নিয়ে চড়াও হয়। বিজেপি প্রার্থী বিমল দাস বাড়িতে ছিলেন না। তার স্ত্রী ও কন্যাদের ওপর হুমকি ও নির্যাতন চালানো হয় বলে অভিযোগ বিজেপির। এরপরই বিজেপির পক্ষ থেকে ভাতার থানায় লিখিত অভিযোগ দায়ের করা হয়। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে ভাতার থানার পুলিশ। বিজেপি নেতা সঞ্জীব সেন জানান, গোটা রাজ্যের মত বড়বেলুন অঞ্চলেও হামলা চালাচ্ছে শাসকদল। প্রার্থীর বাড়িতে হামলা হয়েছিল তাকে প্রাণে মারার উদ্দেশ্যে। প্রার্থীদের প্রচারে যেতে নিষেধ করার পাশাপাশি কেন্দ্রীয় বাহিনী চলে গেলে দেখে নেওয়ারও হুমকী দেওয়া হয়। সম্পূর্ণ বিষয়টি নিয়ে ভাতার থানায় অভিযোগ জানানো হয়েছে বলে জানিয়েছেন সঞ্জীব বাবু। বিজেপি প্রার্থী প্রার্থী বিমল দাস জানান, তিনি এবং তার স্ত্রী মমতা দাস বিজেপির পক্ষ থেকে গ্রাম সদস্য হয়ে দাঁড়ানোর পর থেকেই তাকে প্রাণে মেরে ফেলে দেবার হুমকি আসতে থাকে। রবিবার তিনি দলীয় প্রচারে ছিলেন, সেই সময় ১০ - ১২ জন টিএমসি কর্মী লাঠি বাস নিয়ে তার বাড়িতে চড়াও হয়। তার স্ত্রী ও মেয়ের উপর হামলা হয়। যদিও এই অভিযোগ সম্পূর্ণ মিথ্যে বলে জানান তৃণমূল কংগ্রেসের রাজ্য মুখপাত্র প্রসেনজিত দাস। তিনি জানান, বিরোধী রাজনৈতিক দলগুলো নির্বাচন ঘোষনার দিন থেকে আরম্ভ করে নির্বাচন যতো এগিয়ে আসছে তত তৃণমূলের নামে চক্রান্ত শুরু করেছে। মিথ্যা অভিযোগ তুলছে। যেক্ষেত্রে দলে কোন সংগঠন নেই, পাশে মানুষ নেই তাই এই ধরনের মিথ্যা অভিযোগ তুলে প্রচারে আসতে চাইছে। এই ঘটনার সঙ্গে তৃণমূল কংগ্রেস কোনভাবেই যুক্ত নয় বলে দাবী করেছেন প্রসেজিতবাবু।

প্রবল বর্ষণে জলমগ্ন কালচিনির বিস্তর এলাকা, পথ অবরোধ বাসিন্দাদের

দুরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ৩ জুলাই : প্রবল বর্ষণে জলমগ্ন কালচিনির বিস্তর এলাকা। কালচিনি স্টেশন লাইন, মোদী লাইন, শান্তি কলোনি, গুদাম লাইন জলমগ্ন হয়ে পড়েছে। ঘরে জল প্রবেশ করতে শুরু ক রে ছে বাসিন্দাদের। বে হা ল নি ক া শি বাবস্থার দরুণ প্রতি বছর বর্ষায় জলমগ্ন হয়ে পড়ে কালচিনির বিভিন্ন এলাকা। বাসিন্দারা জানান নিকাশি ব্যবস্থা ভালো না থাকায় বৃষ্টি হলেই জল ঘরে প্রবেশ করে। প্রবল বর্ষণে জলমগ্ন কালচিনির বিস্তর এলাকা। বেহাল নিকাশি ব্যবস্থা এবং ডীমা চা বাগান কর্তৃপক্ষ নর্দমা বন্ধ করে দেওয়ায় কালচিনি জলমগ্ন হয়ে পড়েছে। ক্ষুদ্র জনতা কালচিনি চৌপাশি এলাকায় পথ অবরোধ করলো। ঘটনাস্থলে পুলিশ পৌঁছেছে। বাসিন্দারা জানান, তড়াকের ঘরে জলা সমস্যা সমাধানের দাবিতে পথ অবরোধে সামিল তারা।

 KOLKATA MUNICIPAL CORPORATION e-TENDER	
ABRIDGED NIT	
The E.E. (C), Br.-XIII, KMC invites e-tender online percentage rate two bid system for the following works : (1) NIT No. : KMC/XIII/118/009/23-24/PARK (1st Call) Name of work : Annual maintenance of KMC Kaishan Garden Temple Park at 135, S.N. Roy Road bye lane in Ward No. 118, Br.-XIII; Work Value : ₹ 3,27,074.51; Earnest Money : ₹ 6,600.00; Period of Completion : 210 Days. (2) NIT No. : KMC/XIII/119/PUMP/23-24 (2nd Call) Name of work : Supplying, Installing, Operating of 02 No. of pump sets of 3 inch dia at (1) Shil Thakur Bari Road area & (2) D.H. Road near Behala Police Station in Ward No. 119; Work Value : Amount to be Quoted; Earnest Money : ₹ 2,400.00; Period of Completion : 139 Days; Last date of submission of Bid : 13.07.2023 upto 11 am (For Sl. No. 1 & 2); Tender will be opened on : 15.07.2023 (11 am) (For Sl. No. 1 & 2); The bid forms and other details are available on and from 04.07.2023 upto 11 am (For Sl. No. 1 & 2); Tender will be opened on : 15.07.2023 (11 am) (For Sl. No. 1 & 2); The bid forms and other details are available on and from 04.07.2023 upto 11 am (For Sl. No. 1 & 2);	
The E.E. (C), Br.-V, KMC invites e-tender online percentage rate two bid system for the following works : (1) NIT No. : KMC/EE(C)/Br.-V/040/06/2023-24/BUSTEE Name of work : Development of bustee passage at 53, Patuatola Ln. in Ward No. 40; Estimated cost : ₹ 1,09,579.41 (Including GST and CESS); Earnest Money : ₹ 2,200.00. (2) NIT No. : KMC/EE(C)/Br.-V/040/07/2023-24/BUSTEE Name of work : Restoration of IPS and paver block footpath and passage at 54, Sitaram Ghosh St., 46 M.G. Road etc. places in Ward No. 040; Estimated cost : ₹ 2,91,716.75 (Including GST and CESS); Earnest Money : ₹ 6,000.00; Period of Completion : 30 days (For Sl. No. 1 & 2). (3) NIT No. : KMC/EE(C)/Br.-V/050/06/2023-24/D Name of work : Restoration of IPS, Kerb Channel cement concrete at Dixon Lane, Serpentine Lane and at different places in Ward No. 50 under Br.-V; Estimated cost : ₹ 2,98,309.52 (Including GST and CESS); Earnest Money : ₹ 6,000.00. (4) NIT No. : KMC/EE(C)/Br.-V/050/07/2023-24/D Name of work : Renovation of IPS, Kerb Channel & cement concrete at S.B. Dey Street, Golap Sastri Lane etc. & at different places in Ward No. 50 under Br.-V; Estimated cost : ₹ 2,97,278.08 (Including GST and CESS); Earnest Money : ₹ 6,000.00; Period of Completion : 180 days (For Sl. No. 3 & 4). (5) NIT No. : KMC/EE(C)/Br.-V/041/06/2023-24/BUSTEE Name of work : Maintenance of bustee sewer at 145B, C.R. Avenue Bustee, Munshi Suler Uddin Ln., Syed Salley Ln. etc. in Ward No. 41; Estimated cost : ₹ 1,99,723.04 (Including GST and CESS); Earnest Money : ₹ 4,000.00. (6) NIT No. : KMC/EE(C)/Br.-V/043/06/2023-2024/B Name of work : Maintenance of bustee sewer at Harin Bari Lane, Syed Salley Ln. etc. in Ward No. 43; Estimated cost : ₹ 2,99,567.40 (Including GST and CESS); Earnest Money : ₹ 6,000.00; Period of Completion : 120 days (For Sl. No. 5 & 6); Last date and time of submission of bid : 13.07.2023 - 11 am (For Sl. No. 1 to 6); Date and time of opening of tender : 15.07.2023 - 11 am (For Sl. No. 1 to 6); The bid forms and other details are available on and from 04.07.2023 (5 pm) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 6).	
The E.E. (C), Br.-XVI invites e-tender online percentage rate two bid system for the following works : (1) NIT No. : KMC/EE(C)/BR.-XVI/125/012/23-24/PARK Name of work : Regular maintenance of KMC park at Chittaranjan Das Kanan, Dakshinapara Park, Sukanta Park, Mondal Park, Udayanapally Park in Ward No. 125; Estimated cost : ₹ 2,93,970.60 (Including GST & CESS); Earnest Money : ₹ 6,000.00. (2) NIT No. : KMC/EE(C)/BR.-XVI/143/013/23-24/PARK Name of work : Regular maintenance of KMC park at Diamond Park, Kalyanagar Park, Friend Society Park and Netaji Park in Ward No. 143; Estimated cost : ₹ 2,93,970.60 (Including GST & CESS); Earnest Money : ₹ 6,000.00; Period	of Completion : 180 days (For Sl. No. 1 & 2). (3) NIT No. : KMC/EE(C)/BR.-XVI/142/009/23-24 Name of work : Desilting of surface drain at Ghori Para, Ramchandrapur, Anandapally etc. near Nalanda Vidyapith in Ward No. 142; Estimated cost : ₹ 3,66,021.74 (Including GST & CESS); Earnest Money : ₹ 7,400.00. (4) NIT No. : KMC/EE(C)/BR.-XVI/143/011/23-24/BUSTEE Name of work : Maint. of surface drain at Paul Para slum area near Pre. No. 82 in Ward No. 143; Estimated cost : ₹ 2,97,780.61 (Including GST & CESS); Earnest Money : ₹ 6,000.00; Period of Completion : 30 days (For Sl. No. 1 & 4); Last date and time of submission of bid : 12.07.2023 - 12 Noon (For Sl. No. 1 to 4); The tender will be opened on : 14.07.2023 - 12 Noon (For Sl. No. 1 to 4); The bid forms and other details are available on and from 04.07.2023 (5 pm) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 4). The E.E. (C), Br.-VIII invites e-tender online percentage rate two bid system for following works : (1) NIT No. : KMC/EE(C)/BR.-VIII/072/04/2023-24/BUSTEE Name of work : Repairing of bustee drainage system at 22, Beltala Road, 10, Ramroy Road etc. in Ward No. 72; Estimated cost : ₹ 2,49,171.00 (Including GST & CESS); Earnest Money : ₹ 5,000.00. (2) NIT No. : KMC/EE(C)/BR.-VIII/072/02/2023-24/BUSTEE Name of work : Repairing of bustee passage at 5, Behari Dr. Road, 3, Gour Ghosh Road etc. in Ward No. 72; Estimated cost : ₹ 3,49,444.42 (Including GST & CESS); Earnest Money : ₹ 7,000.00; Period of Completion : 210 days (For Sl. No. 1 & 2). (3) NIT No. : KMC/EE(C)/BR.-VIII/072/05/2023-2024/BUSTEE Name of work : Repairing of bustee privies at 37, Girish Mukherjee Road, 39, Ramesh Mitra Road etc. in Ward No. 72; Estimated cost : ₹ 3,49,764.00 (Including GST & CESS); Earnest Money : ₹ 7,000.00; Period of Completion : 180 days. (4) NIT No. : KMC/EE(C)/BR.-VIII/086/011/2023-24/R Name of work : Repairing of footpath at Rash Behari Avenue, Gariahat Road etc. in Ward No. 086; Estimated cost : ₹ 1,99,895.32 (Including GST & CESS); Earnest Money : ₹ 4,000.00; Period of Completion : 30 days; Last date and time of submission of bid : 15.07.2023 - 12 Noon (For Sl. No. 1 to 4); Date of opening of tender : 17.07.2023 - 12 Noon (For Sl. No. 1 to 4); The bid forms and other details are available on and from 06.07.2023 (5 pm) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 to 4).
The E.E. (C), Br.-XVI invites e-tender online percentage rate two bid system for the following works : (1) NIT No. : KMC/EE-III/33/3/23-24 (1st Call) Name of work : Restoration of concrete and IPS passage at 3 Khodaganj Road, 99, 110, 111, B.M. Road, 47 N.M. Road, 51, 52, 53, C.P. Road and different location in Ward No. 033 Disturbed by W/S Deptt. and CESC; Estimated cost : ₹ 4,97,315.00 (Including GST & CESS); Earnest Money : ₹ 10,000.00; Period of Completion : 45 days. (2) NIT No. : KMC/EE-III/014/06/23-24 (1st Call) Name of work : Restoration of road surface at 43/9 M.P. Road, 38/K/2/1 B.B. Ghosh Sarani, 226/A/9 Bagmari Road and its surrounding areas in Ward No. 14 Disturbed by CESC Deptt.; Estimated cost : ₹ 2,43,484.39 (Including GST & CESS); Earnest Money : ₹ 4,900.00; Period of Completion : 56 days; Last date and time of submission of bid : 12.07.2023 - 12 Noon (For Sl. No. 1), 19.07.2023 - 12 Noon (For Sl. No. 2); Date and time of opening of bid : 14.07.2023 - 12 Noon (For Sl. No. 1), 17.07.2023 - 12 Noon (For Sl. No. 2); The bid forms and other details are available on and from 04.07.2023 (5 pm) (For Sl. No. 1), 07.07.2023 - 12 Noon (For Sl. No. 2) from the website https://etender.wb.nic.in (For Sl. No. 1 & 2).	CORRIGENDUM NIT No. : KMC/SWM-II/HQ/001/2023-24, Tender ID 2023_KMC_543360_1 of S.W.M. Deptt. published in this Newspaper (Key No. 313/23-24) on 22.06.2023 Last date and time of submission of bid should be read as 10.07.2023 upto 1 pm instead of 01.07.2023 upto 1 pm. 372/23-24

ওয়েস্ট ইন্ডিজের জাডেজাই হবেন সেরা? বিপদে কপিল দেব, কোর্টনি ওয়ালশের রেকর্ড

বার্বাডোজ, ৩ জুনঃ ক্যারিবিয়ান টিম ছাড়া আগে কখনও ওডিআই বিশ্বকাপ হয়নি। এই প্রথম বার ওডিআই বিশ্বকাপে খেলতে দেখা যাবে না ওয়েস্ট ইন্ডিজকে। ক্যারিবিয়ান টিম প্রতিভায় ঠাসা। কিন্তু তারপরও এ বারের বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করতে পারেননি সেই হোপার। অতীতে ওডিআই এবং টি-২০ বিশ্বকাপে ২ বার করে জিতেছে ক্যারিবিয়ানরা। সেই তারাই এ বার ২০২৩-এর ওডিআই বিশ্বকাপে ভারতে খেলতে আসবে না। ক্রিকেট মহল বলছে এই পরিস্থিতিতে একরাস দুঃখ, হতাশা গ্রাস করেছে ওয়েস্ট ইন্ডিজকে। এরই মাঝে চলতি জুলাইতে

ভারতের বিরুদ্ধে ২টি টেস্ট, ৩টি ওডিআই আর ৫টি টি-২০ ম্যাচে খেলার কথা ক্যারিবিয়ানদের। এক এক করে ভারতীয় ক্রিকেটাররা ওয়েস্ট ইন্ডিজ পৌঁছে যাচ্ছেন। এই সফর দিয়েই ভারতের নতুন বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপ চক্র শুরু হছে। ওয়েস্ট ইন্ডিজ সফরে এক বিশেষ রেকর্ডের সামনে দাঁড়িয়ে রয়েছেন ভারতের তারকা অলরাউন্ডার রবীন্দ্র জাডেজা। কী সেই রেকর্ড? এ বারের ক্যারিবিয়ান সফরে রবীন্দ্র জাডেজা দুই কিংবদন্তির রেকর্ড ছাপিয়ে যেতে পারেন। ভারত বনাম ওয়েস্ট ইন্ডিজ ওডিআই সিরিজে এখনও অবধি সর্বাধিক উইকেট রয়েছে ক্যারিবিয়ান কিংবদন্তি কোর্টনি ওয়ালসের। আর ভারতীয়



উইকেট রয়েছে কপিল দেবের নামে। এই দুই ক্রিকেটার এখন আর ক্রিকেট খেলেন না। ভারত বনাম ওয়েস্ট ইন্ডিজ ওডিআই সিরিজে সবচেয়ে বেশি উইকেট নেওয়া

বোলারদের তালিকায় তিন নম্বরে রয়েছেন জাডেজা। ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে এখনও পর্যন্ত ২৯টি ওডিআই ম্যাচে খেলেছেন রবীন্দ্র জাডেজা। তাতে জাডেজার প্রাপ্তি ৪১টি উইকেট। ক্যারিবিয়ান কিংবদন্তি কোর্টনি ওয়ালস ভারতের বিরুদ্ধে ৬৮টি ওডিআই ম্যাচে খেলে ৪৪টি উইকেট নিয়েছিলেন। অন্যদিকে ভারতীয় কিংবদন্তি কপিল দেব ক্যারিবিয়ানদের বিরুদ্ধে ৪২টি ওডিআই ম্যাচে ৪৩টি উইকেট নিয়েছিলেন। ফলে এ বার ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে যে তিনটি ওডিআই ম্যাচে খেলবে ভারত তাতে আর ৪টি উইকেট নিলেই জাডেজা টপকে যাবেন কপিল-ওয়ালসের রেকর্ড। ওয়েস্ট ইন্ডিজের

বিরুদ্ধে খেলতে ইতিমধ্যেই বার্বাডোজ পৌঁছে গিয়েছেন জাডেজা। উল্লেখ্য, দেশের জার্সিতে এখনও অবধি মোট ৬৫টি টেস্ট ম্যাচে ২৭০৬ রান করেছেন জাডেজা। একইসঙ্গে টেস্টে জাডেজা নিয়েছেন ২৬৮টি উইকেট। ওডিআই ক্রিকেটে ১৭৪টি ম্যাচে ২৫২৬ রান করেছেন এবং ১৯১টি উইকেট নিয়েছেন জাডু। এ ছাড়া টি-২০ ক্যারিবিয়ান টিম ৬৪টি ম্যাচে করেছেন ৪৫৭ রান এবং নিয়েছেন ৫১টি উইকেট। ওডিআই ক্রিকেটে জাডেজার সেরা বোলিং ইনিংস ৫৬।৬। চলতি বছরের ওডিআই বিশ্বকাপে রবীন্দ্র জাডেজা ভারতের এক্স ফ্যাক্টর হতে পারেন বলে মনে করছেন একাধিক প্রাক্তন ক্রিকেটার।



বার্বাডোজে বিচ ভলিবলে মাতল ভারতীয় দল, ফোকাসে বিরাট, রোহিত কই?

বার্বাডোজ, ৩ জুনঃ দিন কুড়ির ছুটি কাটিয়ে ফের একবার মাঠে নামার প্রস্তুতি শুরু করে দিল ভারতীয় দল। আগামী ১২ জুলাই থেকে ওয়েস্ট ইন্ডিজের বিরুদ্ধে টেস্ট সিরিজ শুরু। জুলাই মাসের প্রথম দিন থেকেই ভারতীয় দলের সদস্যরা ক্যারিবিয়ানে পৌঁছতে শুরু করেন। অনেকেই বিদেশে ছুটি কাটাচ্ছিলেন। শুভমন গিল ছিলেন প্যারিসে। বিরাট কোহলি ও রোহিত শর্মা যথাক্রমে লন্ডন ও প্যারিস থেকে ভারতীয় দলে যোগ দেন। ২ ম্যাচের টেস্ট সিরিজ শুরুর আগে প্রস্তুতি ম্যাচ খেলবে ভারত। পুরোদমে অনুশীলনে নামার আগে বিচ ভলিবলে মাতল ভারতীয় দলের সদস্যরা। বিসিসিআইয়ের তরফে সোমবার একটি ভিডিও পোস্ট করা হয়। বিরাট কোহলি, রবিচন্দ্রন অশ্বিন, ঈশান কিষণ, অজিঙ্ক রাহানে, হেড কোচ রাহুল দ্রাবিড়রা বিচ ভলিবল বেশ উপভোগ করলেন। ভিডিওতে ফোকাসে দেখা গেল কোহলিকে। ছিলেন ক্যাপ্টেন রোহিত শর্মাও। তবে খুব কষ্ট করে তাঁকে খুঁজতে পেলেন অনুবাহীরা। ৬ জুলাইয়ের মধ্যে ভারতীয় দলের সদস্যদের বার্বাডোজে টিম ইন্ডিয়ায় শিবিরে যোগ

দেওয়ার নির্দেশ দিয়েছিল বিসিসিআই। ট্রানজিট ফ্লাইটে ভারত থেকে ওয়েস্ট ইন্ডিজ পৌঁছেছেন রবীন্দ্র জাডেজা, মহম্মদ সিরাজ, রবিচন্দ্রন অশ্বিন, যশস্বী জয়ওয়াল, ঈশান কিষণরা। দীর্ঘ যাত্রাপথের ধকল কাটাতে ভারতীয় টিম ম্যানোজমেন্টের তরফে বিচ ভলিবল খেলার ব্যবস্থা করা হয়েছিল। বিরাট কোহলি, রোহিত শর্মা, অজিঙ্ক রাহানে, রাহুল দ্রাবিড়দের মতো সিনিয়র ক্রিকেটার ও কোচের পাশাপাশি তরুণরাও যোগ দিয়েছিলেন। বিসিসিআইয়ের পোস্ট করা ওই ভিডিওতে ভারতীয় দলের স্ট্রেচ এবং কন্ডিশনিং কোচ সোহম দেশাই জানান, আগামীকাল থেকে শুরু হবে রোহিতদের অনুশীলন। সপ্তাহখানেকের ক্যাম্প চতবে বার্বাডোজে। আগামী ৬ জুলাই স্থানীয় টিমের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচ খেলবে ভারত। তবে ম্যাচটি প্রথম শ্রেণির স্ট্যাটাসের হবে না। টিম ম্যানোজমেন্ট ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজের কাছে প্রথম শ্রেণির ম্যাচের অনুরোধ জানিয়েছিল। ওয়েস্ট ইন্ডিজ ক্রিকেট টিম জানিয়েছে, ভারতীয় দলের প্রস্তুতি ম্যাচে কিছু স্থানীয় ক্রিকেটার থাকবেন। প্রস্তুতি ম্যাচটিও বার্বাডোজে খেলা হবে।

নেইমারের বার্সায় ফেরা আটকে আছে যেখানে

বার্সেলোনা, ৩ জুনঃ পিএসজির এমএনএম ত্রয়ী ভেঙে গেছে লিওনেল মেসি প্যারিস ছেড়ে ইন্টার মায়ামিতে যাওয়ায়। শুধু ভাতা নয়, এখন যে খবর আসছে, এমএনএম ত্রয়ীর একজনও হয়তো পিএসজিতে থাকবেন না! মেসি চলে গেছেন ইন্টার মায়ামিতে। কিলিয়ান এমবাপে জানিয়ে দিয়েছেন, আগামী মরসুমে শেষ হতে চলা চুক্তি আর নবীকরণ করবেন না। নেইমারও যে প্যারিসে আর থাকতে চাইছেন না, সেই গুঞ্জন আগেই শুরু হয়েছিল। তিনি নাকি আবার



বার্সেলোনায় ফিরতে চান। এবার বিন স্পোর্টস খবর দিয়েছে, নেইমারের দলবদল নিয়ে প্রায় সমঝোতায় পৌঁছে গেছে পিএসজি-বার্সা। শুধু একটি বিষয়ে মীমাংসা হওয়া বাকি আছে। ২০১৭ সালে বার্সেলোনা ছেড়ে ২২ কোটি ২০ লাখ ইউরো ট্রান্সফার ফিতে পিএসজিতে নাম লিখিয়েছিলেন নেইমার। এরপর ছয় মরসুম কেটে গেলেও প্যারিসের ক্লাবটির প্রত্যাশা মেটাতে পারেননি ব্রাজিলিয়ান তারকা। নেইমার নিজেরও হয়তো প্যারিসে তাঁর এই অধ্যায়টা নিয়ে সন্তুষ্ট নন। পিএসজির হয়ে ৫টি লিগসহ মোট ১৩টি ঘরোয়া ট্রফি জিতেছেন নেইমার। কিন্তু প্যারিসের ক্লাবটির কাঙ্ক্ষিত চ্যাম্পিয়নস লিগ শিরোপা এনে দিতে পারেননি। সব মিলিয়ে নেইমারকে আর রাখতে চায় না পিএসজি-এমন খবর বেশ কিছুদিন আগেই দিয়েছিল ফ্রান্সের পত্রিকা লেঁকিপার। লেঁকিপের এই খবরের পর নেইমারকে পেতে আগ্রহ দেখায় বেশ কয়েকটি ক্লাব। এর মধ্যে ছিল সৌদি আরবের ক্লাবও। কিন্তু নেইমার বার্সেলোনায় ফেরার আগ্রহ দেখান। নেইমারের বার্সায় ফেরার আগ্রহের কথা শুনে দলটির কোচ জাভি হার্নান্দেজ বলেছিলেন, “আমি নেইমারকে একজন মানুষ, একজন খেলোয়াড় আর বন্ধু হিসেবে প্রশংসাই করব। সে অসাধারণ এক খেলোয়াড়।” আর এখন কাব্যভিত্তিক সংবাদমাধ্যম বিন স্পোর্টস খবর দিয়েছে, বেতন বাদে নেইমারকে ফেরানোয় ব্যাপারে পিএসজির সঙ্গে সব ব্যাপারেই সমঝোতায় পৌঁছেছে বার্সেলোনা। মেসিকে ফেরানোর ব্যাপারেও এই একটি জায়গাতেই আটকে গিয়েছিল ক্যাম্প নুয়েরে ক্লাবটি।

অ্যাশেজ থেকে ছিটকেই গেলেন নাথান লায়ন

ফ্রোরিডা, ৩ জুনঃ লিওনেল মেসির পথ ধরে যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারে (এমএলএস) নাম লেখাতে পারেন স্পেন ও রিয়াল মাদ্রিদে প্রাক্তন অধিনায়ক সেইও রামোস। স্পেনের পত্রিকা স্পোর্টার্স খবর, এরই মধ্যে এমএলএসের ক্লাব ইন্টার মায়ামি পিএসজির প্রাক্তন ডিফেন্ডারের সঙ্গে আলোচনা শুরু করেছে এবং তিনি মেসির ক্লাবে নাম লেখানো থেকে এক পা দূরে আছেন। সন্ধ্যা শেষ হওয়া মরসুম শেষে মুক্ত খেলোয়াড় হয়ে যাওয়া মেসি পিএসজি থেকে ইন্টার মায়ামিতে যাবেন বলে ঘোষণা দেন গত মাসে। এরপর বার্সেলোনায় মুক্ত খেলোয়াড় হয়ে যাওয়া তাঁর প্রাক্তন সতীর্থ সেইও বুসকেতসও নাম লেখান ইন্টার মায়ামিতে। গুঞ্জন আছে বার্সেলোনার সঙ্গে চুক্তির মেয়াদ শেষ হয়ে যাওয়া জর্দি আলবার সঙ্গেও যোগাযোগ করেছে এমএলএসের ক্লাবটি। স্পেনের হয়ে ২০১০ বিশ্বকাপ জেতা রামোস রিয়াল মাদ্রিদে খেলার সময় মেসি, বুসকেতস ও আলবা ছিলেন তাঁর তুমুল প্রতিদ্বন্দ্বী। কিন্তু লা লিগার প্রতিপক্ষ বার্সেলোনার প্রাক্তন ফরোয়ার্ড মেসির সঙ্গে পিএসজিতে দুই মরসুম খেলেছেন রামোস। এখন হয়তো রিয়ালের চিরপ্রতিদ্বন্দ্বী বার্সেলোনার প্রাক্তন তিন খেলোয়াড়ের সঙ্গে এমএলএসের ক্লাব ইন্টার মায়ামিতে খেলবেন তিনি। পিএসজির সঙ্গে রামোসের চুক্তির মেয়াদ ফুরিয়েছে সন্ধ্যা শেষ হওয়া মরসুমে। মরসুম শেষে মেসি, বুসকেতস, আলবার মতো তিনিও হয়ে গেছেন মুক্ত খেলোয়াড়। ফ্রান্সের বিভিন্ন সংবাদমাধ্যম খবর



দিয়েছিল, রামোস পিএসজিতেই থাকতে চেয়েছিলেন। কিন্তু ৬৭ বছর বয়সি ডিফেন্ডারের সঙ্গে চুক্তি নবীকরণ করেনি প্যারিসের ক্লাব। এরপর গুঞ্জন ছিল রামোস শৈশবের ক্লাব সেভিয়ার ফিরতে পারেন অথবা প্রাক্তন রিয়াল সতীর্থ ক্রিস্টিয়ানোকে রোনাল্ডোকে অনুসরণ করে যেতে পারেন সৌদি আরবের ক্লাবে। কিন্তু শেষ পর্যন্ত হয়তো তাঁর ঠিকানা হচ্ছে ইন্টার মায়ামি। এখন শুধু দেখার কোন ক্লাবে ঠাই হয় প্রাক্তন পিএসজি ডিফেন্ডারের।

অ্যাশেজ থেকে ছিটকেই গেলেন নাথান লিয়ন

লন্ডন, ৩ জুনঃ চোট পাওয়ার পরেই শঙ্কা জেগেছিল। শেষ পর্যন্ত শঙ্কাটিই সত্যি হলো। এবারের অ্যাশেজ থেকে ছিটকেই গেলেন নাথান লিয়ন। অস্ট্রেলিয়ার ৩৫ বছর বয়সী স্পিনারকে হেডিংলি, ম্যানস্কেটার এবং ওভালে শেষ ৩ টেস্টে দর্শক হয়ে থাকতে হবে। আজ নিজেদের ওয়েবসাইটে বিষয়টি নিশ্চিত করেছে ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ)। এজবাস্টনের পর লর্ডস টেস্ট জিতে পাঁচ ম্যাচের অ্যাশেজ সিরিজে ২-০ ব্যবধানে এগিয়ে গেছে অস্ট্রেলিয়া। তবে লিয়নের অনুপস্থিতি বড় ধাক্কা হয়েছে এল সফরকারীদের জন্য। ৯ উইকেট নেওয়ার পাশাপাশি ব্যাট হাতেও দারুণ অবদান রাখছিলেন লায়ন। একবার্সনে নবম উইকেটে তাঁর সঙ্গেই ৫৫ রানের অবিচ্ছিন্ন জুটি গড়ে অস্ট্রেলিয়াকে জিতেয়েছেন অধিনায়ক প্যাট কমিন্স। লায়নের জায়গায় পরের টেস্টের একদশে ঢুকতে পারেন টড মার্কি। এ ছাড়া গতকাল লর্ডস টেস্টের শেষ দিনে লিয়নের পরিবর্তে ফিল্ডিং করা



ম্যাট রেনশকে ছেড়ে দেওয়া হয়েছে। অস্ট্রেলিয়ার অ্যাশেজ স্কোয়াডটা তাই ১৮ থেকে নেমে এল ১৬ জনে। ফেব্রুয়ারিতে ভারত সফরে টেস্ট অভিষেক হয়েছে অফ স্পিনার মার্কি। খেলেছেন বর্ডার-গাভাসকর ট্রফির সব ম্যাচ। ৪ টেস্টে ২৫.২১ গড়ে নিয়েছেন ১৪ উইকেট। এর মধ্যে নাগপুরে এক ইনিংসে ৭ উইকেট নিয়েছিলেন। এবারের অ্যাশেজের লর্ডস টেস্টে নাথান লিয়নের জন্য ছিল মাইলফলকের। টেস্ট ইতিহাসে প্রথম বোলার হিসেবে টানা ১০০তম টেস্ট খেলতে নেমেছিলেন লর্ডসেই। কিন্তু মাইলফলক স্পর্শ করা ম্যাচই লিয়নের পঞ্চাশ বছর বয়স হয়েছে এসেছে। টেস্টের দ্বিতীয় দিন বাউন্ডারির কাছে ফিল্ডিংয়ের সময় বেন ডাকেটের একটি শট আটকাতে গিয়ে ভুলে পারেরে মাংসপেশি ছিড়ে যায় লায়নের। এরপর অস্ট্রেলিয়া দলের ফিজিওর কাছে ভর দিয়ে খুঁড়িয়ে খুঁড়িয়ে মাঠ ছাড়েন। তৃতীয় দিন মাঠে আসেন ক্রোচ ভর দিয়ে। তখনই ধারণা করা গিয়েছিল, অস্ট্রেলিয়ান স্পিনারের এবারের অ্যাশেজ বুধি শেষ। তবে অবাক করে দিয়ে পরশ টেস্টের চতুর্থ দিনের শেষে বেশমতে ব্যাট করতে নামেন লিয়ন। তাঁর সঙ্গে শেষ উইকেটে জুটি বাঁধেন মিচেল স্টার্ক। যোগ করেন মূল্যবান ৫৫ রান।

ওয়ানার-খাজার সঙ্গে ঝামেলার জেরে এমসিসির ৩ সদস্য নিষিদ্ধ

লন্ডন, ৩ জুনঃ লর্ডসে অ্যাশেজের দ্বিতীয় টেস্ট শেষ হয়ে গেলেও তুমুল প্রতিদ্বন্দ্বিতায় এ ম্যাচের বেশ এখনো কার্টেনি। লর্ডস টেস্টের পরতে পরতে যেন লুকিয়ে ছিল উত্তেজনা, রোমাঞ্চ আর বিতর্কের রসদ। চোট নিয়ে নাথান লায়নের ১০ নম্বরে ব্যাটিংয়ে নেমে যাওয়াটাকে ভালোভাবে নেননি ইংল্যান্ডের প্রাক্তন অধিনায়ক কোভিন পিটারসেন। ম্যাচের চতুর্থ দিনে মিচেল স্টার্কের নেওয়া বেন ডাকেটের ক্যাচটিকে বৈধতা না দেওয়া নিয়ে সমালোচনা করেছিলেন অস্ট্রেলিয়ার প্রাক্তন অধিনায়ক রিকি পন্টিং ও প্রাক্তন ফাস্ট বোলার গ্লেন ম্যাকগ্রা। এরপর কাল পঞ্চম ও শেষ দিনে জনি বোয়ারস্টোকে করা অস্ট্রেলিয়ার উইকেটকিপার অ্যালেক্স ক্যারির স্টাম্পিং নিয়ে তো রীতিমতো তোলপাড়ই হয়েছে। এমনকি ম্যাচ শেষে বোয়ারস্টোর আউটের বিতর্কের জের ধরে এমসিসি তাদের তিন সদস্যকে সাময়িক নিষেধাজ্ঞাও দিয়েছে। বোয়ারস্টোর আউট নিয়ে উত্তেজনা ছড়িয়ে পড়েছিল লর্ডসের লং রুমে। অস্ট্রেলিয়ার খেলোয়াড়েরা মধ্যাহ্নবিরতিতে মাঠ ছেড়ে লং রুম দিয়ে ড্রেসিংরুমে



ড্রেসিংরুমে যাওয়ার সময় ভেড়িত ওয়ানার আর উসমান খাজার সঙ্গে বচসায় জড়ান এমসিসির কয়েকজন সদস্য। দুজনকে উদ্দেশ্য করে তাঁরা কটু মন্তব্য করেন। ওয়ানার সিঁড়ি দিয়ে ওঠার সময় তাঁর সামনে চলে আসেন এক সদস্য। সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া এক ভিডিওতে দেখা যায়, এমসিসির দুই সদস্যকে দেখিয়ে খাজা নিরাপত্তাকর্মীদের বলছেন, “একে এবং একে বের করে দেওয়ার

ব্যবস্থা করুন।” ব্রিটিশ সংবাদমাধ্যম টাইমসকে একটি সূত্র জানিয়েছে, এমসিসির একজন সদস্য ওয়ানারের সঙ্গে শারীরিক সংঘর্ষও গিয়েছেন। পুরো ঘটনার বর্ণনা দিতে গিয়ে খাজা পরে বলেছেন,

“(এমসিসি’র) সদস্যদের মুখ থেকে বেরোনো কিছু কথা ছিল খুবই হতাশাজনক। আমি তাদের সঙ্গে এ নিয়ে লড়াইয়ে যাইনি...আমি (এমসিসির) সদস্যদের কাছ থেকে এর চেয়ে ভালো কিছু আশা করেছিলাম।” এমসিসি এক বিবৃতিতে “এই সদস্যকে সাময়িক নিষিদ্ধ করার কথা জানিয়েছে। এমসিসির প্রধান নির্বাহী গাই ল্যাভেনডার সংগঠনটির সদস্যদের আচরণ নিয়ে সতর্কও

করেছেন। এ ছাড়া তিনি অস্ট্রেলিয়া দলের কাছে নিঃশর্ত ক্ষমাও চেয়েছেন। এসবই ঘটেছে বোয়ারস্টোর আউটকে কেন্দ্র করে। আউটটি নিয়ে আসলে সমস্যা কী ছিল? ঘটনা ইংল্যান্ডের ইনিংসের ৫২তম ওভারের শেষ বলে। ক্যামেরন গ্রিনের বলটি ছিল বাউন্ডারি, যা মাথা নিচু করে ছেড়ে দেন বোয়ারস্টো। বল ছেড়ে দেওয়ার পরপরই পপিং ক্রিজ ছেড়ে তিনি বেরিয়ে যান। এ দিকে বল হাতে নিয়ে স্টাম্প ভেঙে দেন অস্ট্রেলিয়ার উইকেটকিপার ক্যারি। বোয়ারস্টো রান নেওয়ার জন্য ক্রিজ ছাড়েননি, ওভার শেষ ভবে অপর প্রান্তে থাকা স্টোকারের সঙ্গে কথা বলতে বাইরে বেরিয়েছেন। এ দিকে ক্যারি বল হাতে জমিয়েও রাখেননি, ধরেই দূর থেকে বল ছুড়ে স্টাম্প জাঙেন। এ নিয়ে চূড়ান্ত সিদ্ধান্তের জন্য তৃতীয় অম্পায়ারের দ্বারস্থ হন ম্যাচের অম্পায়াররা। তৃতীয় অম্পায়ার জানান বোয়ারস্টো আউট হয়েছেন। ইংল্যান্ডের অধিনায়ক বেন স্টোকার ২১৪ বলে ৯টি করে চার ও ছয়ে ১৫৫ রান করেও বলকে জেতাতে পারেননি। ৪৩ রানে হেরে অ্যাশেজে ২ ম্যাচ শেষে ২-০তে পিছিয়ে পড়েছে ইংল্যান্ড।

উইস্বলডন থেকে সরে দাঁড়ালেন নিক কির্গিওস

লন্ডন, ৩ জুনঃ ঘাসের কোর্টের দূরন্ত লড়াইয়ের কাউন্টাউন শুরু। নোভাক জকোভিচ, কার্লোস আলকারাজ, জা জোয়াতেকদের দেখার জন্য মুখিয়ে রয়েছেন টেনিস প্রেমীরা। আজ, সোমবার ৩ জুলাই বছরের তৃতীয় গ্র্যান্ড স্লাম উইস্বলডন শুরু হল। ঐতিহ্যবাহী উইস্বলডন শুরু হওয়ার আগেই এল দুঃখের খবর। এ বারের উইস্বলডন থেকে



সরে দাঁড়ালেন গত বারের রানার্স নিক কির্গিওস। অজি টেনিস তারকা নিক কির্গিওস ২ জুলাই, রবিবার জানান, কজিতে চোটের কারণে তিনি উইস্বলডন থেকে সরে দাঁড়াতে বাধ্য হলেন। তাঁর ভক্তদের জন্য নিরাবর্তা দেন, “আমি আবার ফিরে আসব। আমাকে ক্যানেরা যেভাবে সমর্থন করেছেন তাঁদের ধন্যবাদ জানাই।

প্রকাশিত

সুচিকিৎসা

২৫ বর্ষ • অষ্টম সংখ্যা • ১ জুলাই ২০২৩

চিকিৎসক

দিবস

- রোরোটিক সার্জারিতে হাটু পরিবর্তন
- বিনাইন প্রাস্টেট হাইপারপ্লাসিয়া
- পেডিয়াট্রিক অ্যাজমা প্রতিরোধ
- অনিয়ন্ত্রিত হাইপার টেনশন
- উর্ডি রাদ দিয়ে সুস্থ থাকুনউর্ডি!
- সচেতন থাক! দরকার

সুচিকিৎসা এখন অনলাইনে পড়তে লগ অন করুন
www.suchikitsa.in

স্বাধিকারী, প্রকাশক ও মুদ্রক এবং সম্পাদক অলোক কুমার নন্দর কর্তৃক ইল্লাস্ট্রেটেড ইন্ডিয়া প্রেস, ৭৪, লেনিন সারনী, কলকাতা ৭০০০১৩ হইতে মুদ্রিত ও ১ বি ল্যাক বার্গ লেন কলকাতা ৭০০০১২ হইতে প্রকাশিত
Owner, Printer, Publisher & Editor ALOKE KUMAR NASKAR, 1B, Black Burn Lane Kolkata 700012, and print at Illustrated India press 74, Lenin Sarani Road, Kolkata-700013

Ph- office- 2237-0488. News- 9432327166/033-26445555 dailydurantabarta@gmail.com
newsdailydurantabarta@gmail.com ■ WhatsApp # 8420635501